রাস্তাঘাটে একটি মৃত্যু ঘটার পরে

শোকগ্রস্ত পরিবার ও আত্মীয়স্বজনদের জন্য উপদেশ

হোম অফিস ও ব্রেককেয়ার যৌথভাবে কাজ করছে

আপনি যদি চান যে এই বইটার কোন অংশ আপনাকে টেলিফোনে বুঝিয়ে দেওয়া হোক, তাহলে আপনি আমাদের

তথ্য ও সহায়তার নম্বর 01484 421611-এ

ব্রেককেয়ারকে (BrakeCare) টেলিফোন করতে পারেন। ব্রেককেয়ার হচ্ছে রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত দাতব্য প্রতিষ্ঠান, যারা এই বইটা প্রকাশ করেছে।

BENGALI

ইংল্যান্ড এবং ওয়েল্‌স-এর রাস্তাঘাটে একটি মৃত্যু ঘটার পরের

পদ্ধতিগুলি

আপনি যদি চান যে এই প্যাকের কোন অংশ আপনাকে টেলিফোনে বুঝিয়ে দেওয়া হোক, তাহলে আপনি 01484 421611 নম্বরে ব্রেককেয়ার-এর (BrakeCare-এর) হেল্পলাইনে (সাহায্যের লাইনে) টেলিফোন করতে পারেন। এই হেল্পলাইনে ব্যবহারিক তথ্য এবং মানসিক সহায়তা দেওয়া হয়।

(এই পরিষেবাটিতে একজনমাত্র কর্মচারী কাজ করেন এবং কোন কোন সময় তাকে বাইরে যেতে হয়। আপনি টেলিফোন করার সময় যদি তা হয়, তাহলে আপনি একটা উত্তর দেওয়ার মেশিন পাবেন। দয়া করে আপনার নাম ও নম্বরটা বলে দেবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি আপনাকে টেলিফোন করা হবে।)

2005 সালের হেমন্তকালে প্রকাশ করার সময়, এই প্যাকে দেওয়া তথ্যগুলি সঠিক ছিল। আপনি যদি তার পরে কোন এক সময় এটা পড়েন, তাহলে সচেতন থাকবেন যে কিছু তথ্যের পরিবর্তন হতে পারে।

ভূমিকা

আপনার ঘনিষ্ট কারুর যদি রাস্তাঘাটে একটা সঙ্ঘর্ষের ফলে মৃত্যু হয়, অথবা এইরকমভাবে শোক পেয়েছেন সেরকম কারুর আপনি দেখাশোনা করেন, তাহলে এই প্যাক্‌টি আপনার জন্য।

রাস্তাঘাটে একটি মৃত্যুর পর যে পদ্ধতিগুলি অনুসরণ করা হয় তা বেশীরভাগ লোকেরই জানা থাকে না এবং অনেক সময়ই, এগুলি সম্পূর্ণ করতে বহু দিন সময় লাগে।

রাস্তাঘাটে মৃত্যু ঘটার পরের পদ্ধতিগুলির সাথে পরিচয় করিয়ে দেওয়াই হচ্ছে এই প্যাক্‌টির উদ্দেশ্য। একটি মৃতদেহের কি হয়, পুলিস কিভাবে একটা রাস্তাঘাটে ঘটা মৃত্যুর বিষয়ে তদন্ত করে এবং আপনাকে যেসব আইনগত পদ্ধতির সম্মুখীন হতে হবে - ইন্‌কোয়েস্ট, ফৌজদারী মামলা ও টাকা দাবি করা, তা এর মধ্যে রয়েছে। এই প্যাকে যা দেওয়া হয়েছে তার থেকেও বেশী তথ্য আপনার হয়ত দরকার হতে পারে - আরও সাহায্যের জন্য কার কাছে যেতে হবে সে বিষয়ে এতে নির্দেশ দেওয়া হয়েছে।

অনেকগুলি বিষয় সম্বন্ধে এই প্যাকে তথ্য দেওয়া হয়েছে। একসাথে সম্পূর্ণ প্যাক্‌টা না পড়ার চেষ্টা করে, এটাকে কোন একটা নিরাপদ জায়গায় রেখে, যখন যে অংশটা দরকার তখন সেই অংশটা দেখে নিলে হয়ত আপনার সুবিধা হবে।

গত কয়েক ঘন্টার মধ্যে যদি আপনি এই শোক পেয়ে থাকেন, তাহলে 'এখন কি হবে?' অংশটি দেখুন।

শোকের সময় প্রণালীর ব্যাপারে কাজ করাটা কঠিন হতে পারে। এর সাথে দেওয়া *'কোপিং উইথ্‌ গ্রীফ্‌ হোয়েন সামওয়ান ইউ লাভ ইজ্‌ কিলড অন্‌ দা রোড'* (*Coping with grief when someone you love is killed on the road)* - আপনার একজন প্রিয়জনের রাস্তাঘাটে অপঘাত মৃত্যু হলে সেই শোক সামলানো) নামের হলুদ রঙের পুস্তিকাটিতে পরামর্শ দেওয়া হয়েছে যে কিভাবে এটা সামলানো যায় এবং সহায়তার জন্য কার কাছে যাওয়া যায়। এই প্যাকের মধ্যে এই পুস্তিকাটি না থাকলে, বিনাপয়সায় একটা কপি পাওয়ার জন্য 01484 559909 নম্বরে টেলিফোন করবেন।

যা ঘটছে তার ওপর নজর রাখা

আপনি যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করেছেন ও আপনাকে যা বলা হয়েছে তা লিখে রাখলে আপনার হয়ত সুবিধা হবে এবং সব চিঠিপত্র একটা নিরাপদ জায়গায় রাখবেন। গুরুত্বপূর্ণ নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বরগুলি নিচে লিখে রাখলে আপনার হয়ত সাহায্য হবে।

হাসপাতাল

পুলিস অফিসার

শেষকৃত্যের ব্যবস্থাকারী

করোনার

সহায়তাকারী কর্মী (যেমন, কাউন্সেলার, জিপি অথবা ভিক্টিম সাপোর্ট-এর কর্মী)

গাড়ি সংক্রান্ত প্রাণনাশের জন্য দাবি করার সলিসিটার

যোগাযোগ করার জন্য আপনার যদি আরও কোন তথ্য দরকার হয়, তাহলে আপনার স্থানীয় সিটিজেনস্ এ্যাড্‌ভাইস ব্যুরো হয়ত আপনাকে সাহায্য করতে পারবে। আপনার সবচেয়ে কাছেরটি সম্বন্ধে তথ্য আপনার টেলিফোনের ডিরেক্টরীতে অথবা www.citizensadvice.org.uk ঠিকানায় পাওয়া যাবে।

আপনার টীকা

সূচিপত্র

প্রথম অংশ

পৃষ্ঠা **এখন কি হবে?**

5 একটি মৃতদেহ দেখা
6 অঙ্গ এবং টিশু (অঙ্গকোষ) দান করা
7 ময়না তদন্ত
7 মৃত্যুর খবর লোককে জানানো
7 এই সঙ্ঘর্ষ কি করে ঘটল?
8 কিভাবে তাদের মৃত্যু হয়েছে?
8 শেষকৃত্যের ব্যবস্থা করা
9 উইল
10 পুলিসের তদন্ত
11 করোনার এবং ইন্‌কোয়েস্ট (আইনগত অনুসন্ধান)
13 একজন সলিসিটারের সাথে পরামর্শ করা
14 সাংবাদিক
14 অযাচিত চিঠিপত্র আসা বন্ধ করা
15 পুলিসের সাথে কথাবার্তা বলা

দ্বিতীয় অংশ

পৃষ্ঠা **ফৌজদারী মামলা করা**

17 ক্রিমিনাল প্রসিকিউশন (সরকারী পক্ষ থেকে ফৌজদারী মামলা করা)
17 চার্জ (অভিযোগ) প্রসঙ্গ
18 ভিক্টিম পর্সোনাল স্টেটমেন্টস্ (ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ব্যক্তিগত বিবৃতি)
18 মামলাগুলির শুনানী কোথায় হয়?
19 আপনাকে যদি একজন সাক্ষী হতে বলা হয়?
19 বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
20 বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে মৃত্যু ঘটানো
20 মনযোগ না দিয়ে গাড়ি চালানো
21 ম্যানস্লটার(অপরিকল্পিত হত্যা)
21 মদ বা মাদকদ্রব্যের (ড্রাগের) প্রভাবে থাকাকালীন গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
22 যারা গাড়ি চালাচ্ছিলেন না তাদের বিরুদ্ধের চার্জগুলি
22 ত্রুটিপূর্ণ গাড়ি ব্যবহার করে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
23 বেসরকারী জমিতে বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
23 আদালতের পদ্ধতি ম্যাজিস্ট্রেটের কোর্টে কি হয়?
24 ক্রাউন কোর্টে কি হয়?
25 একটা মামলা চলার সময় আদালতে উপস্থিত থাকা
26 আপীল
27 ফৌজদারী অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থা সম্বন্ধে আপনার যদি কোন উদ্বেগ থাকে

পরের পৃষ্ঠায় দেখুন ▶

সূচিপত্র

তৃতীয় অংশ

পৃষ্ঠা **টাকা দাবি করা ?**

29 আপনার ক্ষতির জন্য টাকা দাবি করা

30 ফেটাল মোটর ক্লেইম (গাড়ি সংক্রান্ত মৃত্যুর জন্য দাবি) সম্বন্ধে একজন সলিসিটারের সাথে পরামর্শ করা

31 ফেটাল মোটর ক্লেইম (গাড়ি সংক্রান্ত মৃত্যুর জন্য দাবি করার) সলিসিটার

31 বিভিন্ন ধরনের ফেটাল মোটর ক্লেইম

33 ফেটাল মোটর ক্লেইম পাওয়ার চেষ্টা চালিয়ে যাওয়া

34 আপনার সলিসিটারের সাথে কথা বলা

35 আপনার সলিসিটারের খরচ দেওয়া

35 অগ্রিম টাকা দেওয়া

36 কন্ডিশনাল ফী এগ্রিমেন্ট (শর্তসাপেক্ষ ফীর চুক্তি) অনুসারে টাকা দেওয়া

36 কন্‌টিন্‌জেন্সী ফী

চতুর্থ অংশ

পৃষ্ঠা **যোগাযোগ সংক্রান্ত দরকারী তথ্য**

37 রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত প্রতিষ্ঠানগুলি

39 রাস্তাঘাটে দুর্ঘটনাগ্রস্তদের জন্য দাতব্য প্রতিষ্ঠানগুলি (চ্যারিটিজ্)

39 অপরাধের ফলে ক্ষতিগ্রস্তদের সহায়তা করার প্রতিষ্ঠানগুলি

39 রাস্তাঘাট ব্যবহারকারীদের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানগুলি

41 রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত কর্মচারীরা

43 আপনার পার্লামেন্টের সদস্য (এম্‌পি)

প্রথম অংশ

পৃষ্ঠা	**এখন কি হবে?**
5	**একটি মৃতদেহ দেখা**
6	**অঙ্গ এবং টিশু (অঙ্গকোষ) দান করা**
7	**ময়না তদন্ত**
7	**মৃত্যুর খবর লোককে জানানো**
7	**এই সঙ্ঘর্ষ কি করে ঘটল?**
8	**কিভাবে তাদের মৃত্যু হয়েছে?**
8	**শেষকৃত্যের ব্যবস্থা করা**
9	**উইল**
10	**পুলিসের অনুসন্ধান**
11	**করোনার এবং ইন্‌কোয়েস্ট (আইনগত অনুসন্ধান)**
13	**একজন সলিসিটারের সাথে পরামর্শ করা**
14	**সাংবাদিক**
14	**অযাচিত চিঠিপত্র আসা বন্ধ করা**
15	**পুলিসের সাথে কথাবার্তা বলা**

এখন কি হবে?

একটা মৃত্যু ঘটার অল্প পরেই আপনি হয়ত এই পৃষ্ঠাটি পড়ছেন। এর পরের তিন পৃষ্ঠায় যা বলা হয়েছে তা হয়ত আপনি সাথে সাথেই জানতে চাইবেন।

একটি মৃতদেহ দেখা

কারুর মৃত্যুর পরে, তার মৃতদেহ হয় একটা হাসপাতালের মর্গে, নয়ত একজন করোনারের মর্গে নিয়ে যাওয়া হয়।

পুলিস কোন একজনকে এই মৃতদেহটিকে অথবা সেই লোকটির ব্যক্তিগত জিনিষপত্র শনাক্ত করতে এবং সেই মৃত ব্যক্তির পরিচয় স্বীকার করে একটি বিবৃতিতে সই করতে বলবে।

আপনাকে মৃতদেহটি শনাক্ত করতে বলা না হলেও আপনি নিজে সিদ্ধান্ত নিতে পারেন যে আপনি মৃতদেহটি দেখবেন কিনা। আপনি হয়ত বিবেচনা করে দেখতে পারেন যে মৃতদেহটি কিরকম দেখতে হবে। পুলিস বা ডাক্তারী পেশার কর্মীরা আপনাকে বলতে পারবেন যে আঘাতের পরিমাণ কতটা।

শেষ বিদায় জানানোর জন্য আপনি মৃতদেহটি দেখতে চাইতে পারেন অথবা আপনি হয়ত সেই লোকটি যেরকম ছিলেন সেইরকমভাবেই তাকে মনে রাখতে চাইতে পারেন।

রাস্তাঘাটে একজন প্রিয় লোকের মৃত্যু হওয়া একদম বিধ্বস্ত হয়ে যাওয়ার মত ব্যাপার। যেসব প্রতিষ্ঠান এই ব্যাপারে সাহায্য করতে পারে তাদের সম্বন্ধে তথ্য এর সাথে দেওয়া *‘কোপিং উইথ্ গ্রীফ হোয়েন সামওয়ান ইউ লাভ ইজ্ কিলড অন্ দা রোড’ (Coping with grief when someone you love is killed on the road)* - আপনার একজন প্রিয়জনের রাস্তায় অপঘাত মৃত্যু হলে সেই শোক সামলানো) নামের ব্রেককেয়ার-এর (BrakeCare) পুস্তিকাটিতে দেওয়া হয়েছে।

একটা মৃত্যুর পরে সেই পরিবারদের জন্য আরও তথ্য, কেন্দ্রীয় সরকারের একটা নির্দেশিকাতেও পাওয়া যায়। *‘হোয়াট্ টু ডু আফ্‌টার এ ডেথ্ ইন ইংল্যান্ড এ্যান্ড ওয়েল্‌স’* (*What to do after a death in England and Wales* - ইংল্যান্ড এবং ওয়েল্‌স-এ একটা মৃত্যুর পরে কি করতে হবে) নামের নির্দেশিকাটি www.dwp.gov.uk ঠিকানার ওয়েবসাইটে অথবা 0800 88 22 00 নম্বরে বেনিফিট্‌স এন্‌কোয়ারী লাইনে টেলিফোন করলে পাওয়া যাবে।

অঙ্গ এবং টিশু (অঙ্গকোষ) দান করা

কোন কোন সময়, অন্যদের বেঁচে থাকতে সাহায্য করার জন্য, যার মৃত্যু হয়েছে তার অঙ্গ এবং টিশুগুলি ব্যবহার করা সম্ভব হয়। মৃত্যুর খুব অল্প পরেই এটা অবশ্যই করতে হয় এবং এর জন্য সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয়ের অনুমতি দরকার হবে।

আপনাকে যদি অঙ্গ ও টিশু দান করার কথা না জিজ্ঞাসা করা হয় এবং আপনি সে বিষয়ে জানতে চান, তাহলে, সম্ভব হলে তা সাথে সাথেই জিজ্ঞাসা করবেন। আপনি আপনার স্থানীয় ট্র্যান্সপ্ল্যান্ট কো-অর্ডিনেটারের সাথে যোগাযোগ করতে পারেন। সাধারণতঃ আপনার সবচেয়ে কাছের বড় হাসপাতালে তাকে পাওয়া যায়।

যদি একজন মৃতব্যক্তির কাছে একটা ডোনার কার্ড (দান করতে সম্মতি দেওয়ার কার্ড) থাকে অথবা এন্‌এইচ্‌এস্ অর্গান ডোনার রেজিস্টারে (ন্যাশনাল হেল্‌থ সার্ভিসের অঙ্গ দান করার তালিকায়) তার নাম থাকে, এবং তাদের দেহের কোন অঙ্গ ট্র্যান্সপ্ল্যান্ট (একজনের দেহ থেকে নিয়ে অন্য একজনের দেহে সংযোজিত করা) করা সম্ভব হয়, তাহলে এই দান করতে তারা রাজী কিনা তা জিজ্ঞাসা করার উদ্দেশ্যে মৃতব্যক্তির সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয়ের সাথে যোগাযোগ করা উচিত।

তিনি দাতা হতে চান কিনা তা যদি একজন মৃতব্যক্তি না জানিয়ে থাকেন, তবুও তার সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয় এই দানের কথা বিবেচনা করে দেখতে পারেন।

অঙ্গ-প্রত্যঙ্গ ট্র্যান্সপ্ল্যান্ট করা যাবে কিনা তা নির্ভর করবে কোথায় এবং কিভাবে একজনের মৃত্যু ঘটেছে তার ওপর। যদি কারুর হাসপাতালে মৃত্যু হয়, তাহলে শরীরের ভিতরে অঙ্গগুলি দান করা হয়ত সম্ভব হবে। কিন্তু দুর্ঘটনার স্থলে তার মৃত্যু হলে, এটা করা সম্ভব হবে না। কিন্তু যেখানেই মৃত্যু ঘটুক না কেন, কর্নিয়া, হৃৎপিন্ডের ভাল্‌ভ, চামড়া অথবা শরীরের হাড় দান করা সম্ভব হতে পারে।

আপনি যদি অঙ্গ ও টিশু দান করা সম্বন্ধে আরও জানতে চান, তাহলে আপনি 01223 893636 নম্বরে ব্রিটিশ অর্গান ডোনার সোসাইটির (British Organ Donor Society - BODY) সাথে যোগাযোগ করতে পারেন, body@argonet.co.uk ঠিকানায় ইমেইল করতে পারেন অথবা www.argonet.co.uk/body দেখতে পারেন। ব্রিটিশ অর্গান ডোনার সোসাইটি, অঙ্গ দান করা সম্বন্ধে তথ্য দেয় এবং দাতাদের পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে বন্ধুত্ব স্থাপন করে।

ময়না তদন্ত

রাস্তায় ঘটিত একটা মৃত্যুর অল্প পরেই, মৃত্যুর কারণ নির্ধারণ করার উদ্দেশ্যে, প্রায় সময়ই মৃতদেহের ময়না তদন্ত করা হয়। একজন নিরপেক্ষ প্যাথলজিস্ট, একজন করোনারের হয়ে এই ময়না তদন্তটি করবেন। করোনারের ওপর হঠাৎ মৃত্যুর কারণ সম্বন্ধে অনুসন্ধান করার দায়িত্ব থাকে (করোনারদের সম্বন্ধে আরও তথ্যের জন্য 11 নম্বর পৃষ্ঠা দেখুন)।

প্যাথলজিস্ট কি নির্ধারণ করেছেন তা আপনি করোনারের কাছে জানতে চাইতে পারেন। তাছাড়াও, করোনারের পছন্দ করা প্যাথলজিস্টের নির্ধারিণ করা কারণে আপনি যদি খুশী না হন, তাহলে আপনার নিজের খরচে, অন্য একজন প্যাথলজিস্টকে আপনি আর একটা ময়না তদন্ত করতে বলতে পারবেন। এটা করতে অনেক খরচ হয়।

আপনি কি কি করতে পারবেন তা যদি আপনি বিবেচনা করে দেখতে চান, তাহলে করোনার আপনাকে সাহায্য করতে পারবেন।

অনেক পরিবারই উদ্বিগ্ন থাকেন যে গবেষণা করার উদ্দেশ্যে, হাসপাতালগুলি সম্ভবতঃ অঙ্গ-প্রত্যঙ্গ রেখে দেবে। এই বিষয়ে আপনার উদ্বেগ থাকলে, হাসপাতালের কর্মচারীদের জিজ্ঞাসা করবেন।

মৃত্যুর খবর লোককে জানানো

যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি পুলিস একটা মৃত্যু সম্বন্ধে লোককে জানাতে চেষ্টা করবে। কার কার সাথে যোগাযোগ করতে হবে তাদের সকলের কথা পুলিস নাও জানতে পারে। কাদের সাথে যোগাযোগ করা উচিত তা আপনি হয়ত পুলিসকে জানাতে চাইতে পারেন অথবা নিজে সেইসব লোকদের সাথে যোগাযোগ করতে চাইতে পারেন।

ব্যক্তিগত জিনিষপত্র

পুলিস এবং/অথবা হাসপাতালের কর্মচারীরা অনেক সময়ই যার মৃত্যু হয়েছে তার ব্যক্তিগত জিনিষপত্রের দেখাশোনা করেন।

আপনি এই কর্মচারীদের জিজ্ঞাসা করতে পারেন যে আপনার প্রিয়জনের কোন জিনিষ তাদের কাছে আছে কিনা, যাতে আপনি তা দাবি করতে পারেন। যদি পুলিস বা হাসপাতালের পক্ষে এই ব্যক্তিগত জিনিষপত্রগুলি সাথে সাথেই ফেরত দেওয়া সম্ভব না হয়, তাহলে আপনি তার কারণ জানতে চাইতে পারেন।

এই সঙ্ঘর্ষ কি করে ঘটল?

প্রায় সকলেই জানতে চান যে একটা সঙ্ঘর্ষ কি করে হয়েছিল। যদি দেখা যায় যে কারুর দোষে এটা ঘটেছে, তাহলে আপনি হয়ত জানতে চাইবেন যে তাদের বিষয়ে কি করা হবে।

এই সঙ্ঘর্ষের ব্যাপারে পুলিস একটা রীতিগতভাবে তদন্তের কাজ করবে (10 নম্বর পৃষ্ঠা দেখুন)। তাদের অনুসন্ধান চলাকালীন, যে কোন সময়ে আপনি পুলিসকে প্রশ্ন করতে পারবেন এবং তারা আপনাকে যতটা সম্ভব ততটা তথ্য দেবে। প্রথমে তাদের কাছে হয়ত বেশী তথ্য থাকবে না এবং অনুসন্ধানের কাজ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত তারা আপনাকে কিছু নির্দিষ্ট জিনিষ হয়ত বলতে পারবে না।

আপনি এই বইটির 2 নম্বর পৃষ্ঠায় এই অনুসন্ধানের ভারপ্রাপ্ত অফিসারের নাম ও টেলিফোন নম্বর লিখে রাখলে আপনার হয়ত সুবিধা হতে পারে। যদি কোন সময় এই অফিসারকে আপনি টেলিফোনে না পান, তাহলে আপনি

একটা মৌখিক বার্তা রেখে দেবেন। অনেক সময়ই পুলিসের কর্মচারীরা তাদের টেবিলে থাকেন না এবং তারা অনিয়মিত সময়ে কাজ করেন। কিন্তু তিনি সবসময়ই ফিরে আপনাকে টেলিফোন করবেন।

যার মৃত্যু হয়েছে তিনি যদি একটা গাড়িতে অথবা মোটরসাইকেলে বা সাইকেলে থেকে থাকেন, তাহলে সেটাকে হয়ত দুর্ঘটনাস্থল থেকে পরীক্ষা করা এবং রাখার জন্য নিয়ে যাওয়া হতে পারে। সেটা এবং দুর্ঘটনার সাথে জড়িত অন্যান্য গাড়ি প্রভৃতিকে কোথায় রাখা হয়েছে তা পুলিস আপনাকে বলতে পারবে।

যার মৃত্যু হয়েছে, সঙ্ঘর্ষের সময় তিনি যদি একটা গাড়ির চালক হয়ে থাকেন, তাহলে আপনাকে তার গাড়ির ইন্সিওরেন্স সংক্রান্ত তথ্য খুঁজে বের করতে হবে এবং ইন্সিওরেন্স কম্পানীকে জানাতে হবে। ইন্সিওরেন্স কম্পানীকে জানানোর জন্য পুলিস আপনাকে সঙ্ঘর্ষটি সংক্রান্ত তথ্য দেবে।

আপনি যদি সেই সঙ্ঘর্ষের সাথে জড়িত না থাকেন, তাহলে আপনি হয়ত সেই ঘটনার জায়গাটি দেখতে চাইবেন। আপনি এটা করতে চাইলে, পুলিস আপনাকে সেই জায়গাটা কোথায় তা বলে দিতে পারবে এবং হয়ত আপনাকে সেখানে নিয়েও যেতে পারবে।

কিভাবে তাদের মৃত্যু হয়েছে?

কোন একজনের কিভাবে মৃত্যু হয়েছে তা আপনি জানতে চাইতে বা নাও চাইতে পারেন। আপনি হয়ত জানতে চাইবেন যে তিনি মৃত্যুর আগে কষ্ট পেয়েছিলেন কিনা। আপনি হয়ত জানতে চাইবেন যে রাস্তার ধারে বা হাসপাতালে তার কি চিকিৎসা করা হয়েছিল।

এই সঙ্ঘর্ষের পরে যেসব ডাক্তারী পেশার কর্মচারীরা উপস্থিত ছিলেন তাদের সাথে দেখা করার ব্যবস্থার জন্য আপনি পুলিসকে জিজ্ঞাসা বলতে পারেন। এরা হয়ত এ্যাম্বুলেন্সের প্যারামেডিক বা একজন জিপি হতে পারেন।

মৃত্যু হওয়ার আগে কেউ যদি একটা হাসপাতালে চিকিৎসা পেয়ে থাকেন, তাহলে আপনি সেই হাসপাতালের ডাক্তার অথবা নার্সদের সাথে কথা বলতে চাইতে পারেন।

তাছাড়াও, যে চিকিৎসা করা হয়েছে সে বিষয়ে হাসপাতালের তৈরী করা একটা ডাক্তারী রিপোর্টের কপি (প্রতিলিপি) আপনি হয়ত পেতে পারেন। এতে হয়ত পরিভাষা (টেক্নিকাল শব্দ) ব্যবহার করা হতে পারে এবং তা বুঝিয়ে দেওয়ার দরকার হতে পারে। আপনাকে একটা রিপোর্ট বুঝিয়ে দিতে আপনার জিপি অথবা হাসপাতালের কর্মচারীরা হয়ত সাহায্য করতে পারবেন।

এই সঙ্ঘর্ষের বিষয়ে কথা বলার উদ্দেশ্যে, পুলিস বা ডাক্তারী পেশার কর্মচারীদের সাথে আপনি দেখা করার ব্যবস্থা করার জন্য বলতে পারেন। আপনি যদি এই দেখা করার ব্যবস্থা করেন, তাহলে আগে থেকে আপনার প্রশ্নগুলি লিখে রাখলে এবং আলোচনার সময় সংক্ষিপ্ত মন্তব্য লিখে রাখলে আপনার হয়ত সুবিধা হতে পারে। মানসিক চাপের সময় সবকিছু মনে রাখা কঠিন হতে পারে।

শেষকৃত্যের ব্যবস্থা করা

ময়না তদন্তের পর একজন করোনার, কবর দেওয়া বা পোড়ানোর জন্য মৃতদেহ ছেড়ে দেওয়ার অনুমতি দিলে, শেষকৃত্য করা যেতে পারে। মৃত্যুর বেশ কিছুদিন পরে হয়ত এই শেষকৃত্য হতে পারে। কোন কোন ধর্মে বলা হয়েছে যে এটা যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি হতে হবে।

আপনি যদি শেষকৃত্যের ব্যবস্থা করেন, তাহলে আপনাকে হয়ত কিছু সিদ্ধান্ত নিতে হবে, যেমন, কোথায় এটা করা হবে, মৃতদেহটিকে কবর দেওয়া হবে না পোড়ানো হবে, শেষকৃত্যের সময় কি বলা হবে, কাকে কাকে খবর দিতে হবে, ফুল দিতে বলা হবে না টাকা দান করতে বলা হবে এবং কোন স্মৃতিসৌধ তৈরী করা হবে কিনা।

আপনাকে হয়ত উইলে দেওয়া নির্দেশ (এই পৃষ্ঠার নিচেত দিকে দেখুন) বিবেচনা করে দেখতে হবে। তাছাড়াও, আপনাকে হয়ত মৃত ব্যক্তির ঘনিষ্ঠ লোকজনের ইচ্ছাগুলি বিবেচনা করে দেখতে হতে পারে।

শেষকৃত্যের খরচ বহন করা

এই মৃত্যুর জন্য যদি কাউকে দায়ী বলে সাব্যস্ত করা হয়, তাহলে পরে, আপনি হয়ত সেই লোকটির থেকে শেষকৃত্যের খরচ দাবি করতে পারবেন (29 থেকে 32 পৃষ্ঠা দেখবেন)। ভবিষ্যতে এটা করা যদি সম্ভব হয়, সেই ভেবে, শেষকৃত্যের সব খরচের রশিদগুলি রেখে দেবেন। আপনার আয় অল্প হলে, এই শেষকৃত্যের জন্য কেন্দ্রীয় সরকার হয়ত আপনাকে সাহায্য করতে পারবে। এটা সম্ভব হবে কিনা তা আপনার বেনিফিট্স অফিসকে জিজ্ঞাসা করবেন।

কি কি পছন্দ করা যায় তা বিবেচনা করা, শেষকৃত্যের ব্যবস্থা করা এবং কাগজপত্র সামলানোর জন্য অনেক লোকই একজন ফিউনারাল ডিরেক্টরকে ব্যবহার করেন। যেসব ফিউনারাল ডিরেক্টররা কাজের মান সংক্রান্ত প্রণালীর নীতি (কোড্স অফ্ প্র্যাক্টিস) মেনে চলেন, তাদের সম্বন্ধে তথ্য নিচের জায়গাগুলি থেকে পাওয়া যাবে:

- 029 2038 2046 নম্বরে দা ফিউনারাল স্ট্যান্ডার্ডস কাউন্সিল (The Funeral Standards Council);
- 0845 230 1343 নম্বরে অথবা www.nafd.org.uk ঠিকানায় ন্যাশনাল এ্যাসোসিয়েশন অফ্ ফিউনারাল ডিরেক্টরস (National Association of Funeral Directors);
- 0845 230 6777 নম্বরে অথবা www.saif.org.uk ঠিকানায় ন্যাশনাল সোসাইটি এফ্ ইন্ডিপেন্ডেন্ট এ্যান্ড এ্যালাইড ফিউনারাল ডিরেক্টরস (National Society of Independent and Allied Funeral Directors)।

উইল

আপনি যদি সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয় হন, অথবা তার প্রতিনিধি হিসাবে নিযুক্ত হয়ে থাকেন, তাহলে আপনাকে জানতে হবে যে মৃত ব্যক্তি কোন উইল করে গেছেন কিনা। উইলের কপি হয়ত কোন ব্যাঙ্ক বা সলিসিটারের কাছে থাকতে পারে।

একটা উইলে, কোন একজনকে মৃত ব্যক্তির সম্পত্তির (তার যা কিছু ছিল) পরিচালনা করার ভার দেওয়া হয় এবং তার জিনিষপত্র ও টাকাপয়সা কিভাবে বিলি করা হবে তার নির্দেশ দেওয়া থাকে।

উইলগুলি জটিল হতে পারে। কোন কোন সময় কোন উইল থাকে না। উইল থাকুক বা নাই থাকুক, একজন বিশেষজ্ঞ সলিসিটারের কাছ থেকে উপদেশ নেওয়ার জন্য আপনাকে সুপারিশ করা হচ্ছে।

নিচের প্রতিষ্ঠানগুলি আপনাকে বিশেষজ্ঞ সলিসিটারদের একটা তালিকা দিতে পারবে:

Society of Trust and Estate Practitioners (STEP)
(সোসাইটি অফ্ ট্রাস্ট এ্যান্ড এস্টেট প্র্যাক্টিশনারস)
020 7838 4890 নম্বরে টেলিফোন করবেন, www.step.org ঠিকানায় দেখবেন অথবা STEP, 26 Grosvenor Gardens, London SW1W 0GT ঠিকানায় একটা নিজের ঠিকানা লেখা ও ডাকটিকিট লাগানো A5 খাম পাঠাবেন।

The Law Society (দা ল সোসাইটি)
0870 606 6575 নম্বরে টেলিফোন করবেন, www.lawsociety.org.uk ঠিকানায় দেখবেন অথবা info.service@lawsociety.org.uk ঠিকানায় ইমেইল করবেন।

যার মৃত্যু হয়েছে তার ব্যাপারগুলি ঠিকঠাক করার কাজটি জটিল এবং বেদনাদায়ক হতে পারে। এটা করতে অনেক মাস বা বহু বছর সময় লাগতে পারে। বন্ধুবান্ধব ও পরিবারের লোকজনরা এইসময় সহাযক হতে পারে - তারা হয়ত বিভিন্নভাবে সাহায্য করতে পারবেন।

পুলিসের তদন্ত

রাস্তাঘাটে কোন মৃত্যু হলে, পুলিস সে বিষয়ে তদন্ত করে। পুলিসের কর্তব্য হচ্ছে প্রমাণ যোগাড় করা এবং কি হয়েছিল তা অনুসন্ধান করে বার করা।

প্রত্যক্ষ সাক্ষীর বিবৃতি

যারা একটা সঙ্ঘর্ষের সাথে জড়িত ছিলেন, যারা একটা সঙ্ঘর্ষ হতে দেখেছেন, অথবা যারা একটা সঙ্ঘর্ষের আগে বা পরে গাড়িগুলি দেখেছেন, তাদের হয়ত একটা বিবৃতি দিতে বলা হবে।

আপনি যদি সেই সঙ্ঘর্ষের সাথে জড়িত নাও থাকেন, কিন্তু যার মৃত্যু হয়েছে তার সেইদিনের গতিবিধি আপনার জানা থাকে, তাহলে আপনাকে হয়ত একটা বিবৃতি দিতে বলা হবে। এতে সেই লোকটির একটি ছবি গড়ে তুলতে পুলিসের সাহায্য হবে। আপনার মানসিক আঘাত ও ক্ষতির কথা আপনি হয়ত বুঝিয়ে বলতে চাইবেন (18 নম্বর পৃষ্ঠা দেখুন)। আপনি যদি কোন বিবৃতি দেন, তাহলে আপনি যা বলবেন তা পুলিস লিখে রাখবে। আপনাকে সেটা পরীক্ষা করে দেখতে এবং সই করতে বলা হবে।

বাস্তব প্রমাণ

একটা দুর্ঘটনার কারণ জানা এবং প্রমাণ সংগ্রহ করার উদ্দেশ্যে, **পুলিস এ্যাক্সিডেন্ট ইন্‌ভেস্টিগেশন অফিসারদের** (দুর্ঘটনার তদন্তকারী অফিসারদের) (এদের কখনও কখনও কলিশন ইন্‌ভেস্টিগেশন অফিসার বলা হয়) নিয়োগ করে। এই বিশেষজ্ঞরা হয়ত সঙ্ঘর্ষের জায়গাটির ছবি তুলবেন, মাপবেন এবং ভিডিও তুলবেন এবং সঙ্ঘর্ষের সাথে জড়িত গাড়িগুলিকে পরীক্ষা করে দেখবেন।

ডাক্তারী প্রমাণ

সঙ্ঘর্ষের জায়গায় অথবা যারা আপনার প্রিয়জনের সেবা করেছেন তাদের এবং যিনি ময়না তদন্ত করেছেন সেই প্যাথলজিস্টের কাছ থেকে হয়ত ডাক্তারী প্রমাণ পাওয়া যেতে পারে।

পুলিসের রিপোর্ট

একটা পুলিসের তদন্ত করতে কয়েক মাস সময় লাগতে পারে। তদন্তের কাজ শেষ হওয়ার পরে সব প্রমাণগুলি একটা রিপোর্টের মধ্যে একসাথে করা হয়।

এই রিপোর্টে দেওয়া অনুসন্ধানের ফলাফল ব্যবহার করে পুলিস এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিস ঠিক করে যে কারুর বিরুদ্ধে কোন ফৌজদারী অপরাধের চার্জ করা হবে কিনা (16 নম্বর পৃষ্ঠায় দেখবেন)।

যদি ফৌজদারী অপরাধের জন্য চার্জ করা হয়, তাহলে এই রিপোর্টের প্রমাণগুলি আইনজীবিরা ফৌজদারী আদালতে ব্যবহার করবেন (23 থেকে 25 নম্বর পৃষ্ঠাগুলি দেখবেন)। তাছাড়াও, করোনারের অনুসন্ধানের সময় তাকে এই রিপোর্টটা দেওয়া হবে (পরের পৃষ্ঠাটি দেখবেন)।

একটা ঘটনার ব্যাপারে আদালতের কাজ শেষ না হওয়া পর্যন্ত আপনি পুলিসের রিপোর্ট পাবেন না। মামলাটি শেষ হয়ে যাওয়ার পরে, অথবা কারুর বিরুদ্ধে কোন মামলা না করা হলে, আপনি এই রিপোর্টটি কিনতে পারবেন কিনা তা জিজ্ঞাসা করার কথা বিবেচনা করে দেখতে পারেন। আপনি যদি এটা করতে চান, তাহলে এই রিপোর্টের কত দাম তা পুলিসকে জিজ্ঞাসা করতে পারেন।

পুলিসের রিপোর্টে অনেক সময়ই সাক্ষীদের নিজস্ব মতামত অনুযায়ী দেওয়া বিবৃতি এবং ছবি সমেত সুস্পষ্ট তথ্য থাকে। একটা রিপোর্ট আপনি নেবেন কিনা তা ঠিক করার আগে এটা আপনি হয়ত বিবেচনা করে দেখতে চাইবেন। এ্যাক্সিডেন্ট ইন্‌ভেস্টিগেশন অফিসার ও ডাক্তারী পেশার কর্মচারীদের দেওয়া তাদের প্রায়োগিক বিদ্যা সংক্রান্ত রিপোর্টগুলি হয়ত বুঝিয়ে দেওয়ার দরকার হবে।

করোনার এবং ইন্‌কোয়েস্ট (আইনগত অনুসন্ধান)

করোনার

করোনাররা হচ্ছেন নিরপেক্ষ বিচার সংক্রান্ত কর্মচারী, যাদের, অস্বাভাবিক, হঠাৎ এবং হিংসাত্মক কারণে মৃত্যুগুলির ব্যাপারে অনুসন্ধান করার জন্য নিয়োগ করা হয়। রাস্তাঘাটে ঘটা সব মৃত্যুগুলিই এর মধ্যে পড়ে। করোনাররা হয় আইনজ্ঞ নয়ত ডাক্তার হিসাবে যোগ্যতা লাভ করেছেন, এবং তাদের স্থানীয়ভাবে কাউন্সিল থেকে নিয়োগ করা হয়। তাদের অনুসন্ধানগুলি রাণীর নামে করা হয়।

করোনারদের বের করতে হবে যে কার মৃত্যু ঘটেছে এবং কিভাবে, কখন ও কোথায় এই মৃত্যু ঘটেছে। ঠিক কোন আঘাতের ফলে মৃত্যু হয়েছে এবং সেই প্রাণনাশক আঘাত কোন পরিস্থিতিতে লেগেছে তা করোনাররা অনুসন্ধান করে বের করেন।

একটি মৃত্যুর জন্য করোনাররা কারুর ওপর দোষারোপ করেন না অথবা শাস্তি দেন না। এটা হচ্ছে ফৌজদারী আদালতের ভূমিকা।

ইন্‌কোয়েস্ট নামে সর্বসাধারণের জন্য উন্মুক্ত অনুসন্ধানের মাধ্যমে করোনাররা তাদের চূড়ান্ত সিদ্ধান্তে আসেন (পরের পৃষ্ঠাটি দেখবেন)।

করোনারদের কাজের অংশ হচ্ছে একটা ময়না তদন্তের ব্যবস্থা করা, মৃতদেহটিকে কবর দেওয়া বা পোড়ানোর অনুমতি দেওয়া, এবং মৃত্যুটি রেজিস্টার করার (তালিকায় লেখানোর) জন্য প্রাসঙ্গিক কাগজপত্র দেওয়া।

একজন করোনারের অফিসার করোনারদের সাহায্য করেন। আপনি যে কোন সময় করোনারের অফিসারের সাথে কথা বলতে চাইতে পারেন এবং তিনি আপনার কোন প্রশ্ন থাকলে তার উত্তর দেওয়ার চেষ্টা করবেন। করোনারের অফিসারের সাথে কিভাবে যোগাযোগ করতে হবে, তা পুলিস আপনাকে বলে দিতে পারবে।

ইন্‌কোয়েস্ট

ইন্‌কোয়েস্ট নামে সর্বসাধারণের জন্য খোলা অনুসন্ধানের মাধ্যমে করোনাররা তাদের চূড়ান্ত সিদ্ধান্তে আসেন। ইন্‌কোয়েস্টগুলি একটা আদালত ঘরে করা হয়। সেটা কতদিন চলবে তা নির্ভর করবে সেই ঘটনাটির ওপর।

রাস্তাঘাটে একটা মৃত্যুর পর সেই ইন্‌কোয়েস্টগুলি সাধারণতঃ জুরী ছাড়াই করোনারের সামনে হয়। তবে কিছু নির্দিষ্ট ক্ষেত্রে, যেখানে জনসাধারণের নিরাপত্তার জন্য চিন্তা থাকে, সেইসব ক্ষেত্রে একটি জুরী নিয়োগ করা হতে পারে। এটা করা হবে কিনা তা সেই করোনার অথবা তার অফিসার আপনাকে বলতে পারবেন।

একটা ইন্‌কোয়েস্টে কি হয় ?

একজন করোনার লোকজনকে সাক্ষী দিতে বলেন। পুলিস, বিশেষজ্ঞ সাক্ষী এবং প্রত্যক্ষ সাক্ষী এর মধ্যে থাকতে পারে। মৃতব্যক্তির একজন আত্মীয়, বন্ধু অথবা আইনগত প্রতিনিধিকেও তাদের বক্তব্য বলতে দেওয়া হতে পারে (13 নম্বর পৃষ্ঠা দেখবেন)।

যার বিরুদ্ধে ফৌজদারী চার্জ আনা হতে পারে, এমন কোন প্রশ্নের উত্তর তাকে দিতে হবে না যাতে তার দোষ স্বীকার করে নেওয়া হবে। তবে তাকে উপস্থিত থাকতে বাধ্য করা হতে পারে এবং তাকে সাক্ষী হিসাবে শপথ করতে হবে। আপনি যদি মনে করেন যে কোন একজনের শপথ করা উচিত, তাহলে আপনি করোনারের অফিসারের সাথে কথা বলতে পারেন।

তাদের সিদ্ধান্তে আসতে করোনাররা এই প্রমাণগুলি ব্যবহার করেন। তারা সাধারণতঃ রায় দেন যে **এ্যাক্‌সিডেন্টাল** (দুর্ঘটনাজনিত), **আনলফুল** (বেআইনীভাবে) অথবা **ন্যাচারাল** (প্রাকৃতিক কারণে) একটা মৃত্যু ঘটেছে।

কোন একজন রাস্তাঘাটে একটা মৃত্যু ঘটালেও, অনেক সময়েই করোনাররা এ্যক্‌সিডেন্টাল মৃত্যুর সিদ্ধান্তে আসেন। এই রায় দেওয়ার মানে এই নয় যে সেই মৃত্যুর জন্য কেউ দায়ী নয়। তখনও ফৌজদারী চার্জ আনা হতে পারে এবং আপনি হয়ত টাকা দাবি করতে পারবেন (দ্বিতীয় ও তৃতীয় অংশ দেখবেন)।

সবসময়ই কি একটা ইন্‌কোয়েস্ট করা হয় ?

কিছু ইন্‌কোয়েস্ট শুরু করে তারপর কোন প্রমাণের কথা না শুনেই তা স্থায়ীভাবে স্থগিত করে দেওয়া হয়।

যদি ক্রাউন কোর্টে ফৌজদারী মামলা করা হয়, তাহলে সাধারণতঃ করোনার সেই ইন্‌কোয়েস্টটি স্থায়ীভাবে স্থগিত করে দেন (দ্বিতীয় অংশ দেখবেন)। ইন্‌কোয়েস্টের আইনগত প্রয়োজনীয়তার বদলে ক্রাউন কোর্টের শুনানী ও ফলাফল সেই জায়গাটা নেয়।

আপনি যদি মনে করেন যে ক্রাউন কোর্টের শুনানীতে আপনার ব্যাপারটির সবদিকগুলি সম্বন্ধে আলোচনা করা হয়নি এবং আপনি মনে করেন যে একটা ইন্‌কোয়েস্ট হওয়া উচিত, তাহলে একটা ইন্‌কোয়েস্ট করার কথা আপনি করোনারকে বিবেচনা করে দেখতে বলতে পারেন। তবে এটা খুব কম সময়ই করা হয়ে থাকে।

আমি কি একটা ইন্‌কোয়েস্টে উপস্থিত থাকতে পারি ?

হ্যাঁ। করোনারের অফিস থেকে সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয়কে তারিখ, সময় ও জায়গার কথা জানানো উচিত। আপনাকে যদি বলা না হয়, তাহলে আপনি করোনারের অফিসারকে জিজ্ঞাসা করতে পারেন। আপনি যদি উপস্থিত থাকবেন বলে ভেবে থাকেন, তাহলে আদালত ঘরের সাথে পরিচিত হওয়ার উদ্দেশ্যে, আগে গিয়ে সেটা দেখে আসতে পারেন। আপনি এটা করতে চাইলে করোনারের অফিসারকে তা জানাবেন।

ইন্‌কোয়েস্ট হচ্ছে রীতিগতভাবে অনুসন্ধান করা এবং এটা করার সময় পরিভাষা ব্যবহার করা হতে পারে। জটিল প্রমাণ/সাক্ষ্যগুলি করোনার বুঝিয়ে দেওয়ার চেষ্টা করবেন। একটা ইন্‌কোয়েস্ট শেষ হয়ে যাওয়ার পরে আপনি সেই ইন্‌কোয়েস্টের টীকাগুলি চাইতে পারেন। এর জন্য একটা ফী নেওয়া হয়।

একটা ইন্‌কোয়েস্ট করার সময় যদি সেই করোনার মনে করেন যে কোন একটা উদ্বেগের বিষয় সম্বন্ধে অন্য একটি সরকারী বিভাগকে জানানো উচিত, তাহলে তিনি হয়ত ঘোষণা করতে পারেন যে তিনি সেই বিভাগের সাথে যোগাযোগ করছেন।

একটা ইন্‌কোয়েস্টে আমি কি কিছু বলতে পারব?

করোনার যদি মনে করেন যে তার অনুসন্ধানের ক্ষেত্রে তা প্রাসঙ্গিক হবে, শুধুমাত্র তাহলেই ইন্‌কোয়েস্টের সময় করোনার আপনাকে বা আপনার হয়ে কর্মরত একজন সলিসিটারকে মন্তব্য করতে আমন্ত্রণ জানাবেন। আপনি যদি এটা করার কথা বিবেচনা করে দেখতে চান, তাহলে আগে থেকে করোনারের অফিসারকে জিজ্ঞাসা করবেন।

আপনি যদি চান যে একজন সলিসিটার আপনার হয়ে ইনকোয়েস্টে কথা বলুন, তাহলে আপনি ইন্‌কোয়েস্ট সম্বন্ধে দক্ষতাসম্পন্ন একজন সলিসিটারের সাথে পরামর্শ করতে পারেন। এই বিষয় নিয়ে বেশী সংখ্যক সলিসিটার কাজ করেন না। 'ইন্‌কোয়েস্ট' (020 7263 1111 নম্বরে টেলিফোন করবেন অথবা inquest@inquest.org.uk ঠিকানায় ইমেইল করবেন) নামের প্রতিষ্ঠানটি হয়ত আপনার এলাকার ইন্‌কোয়েস্ট সম্বন্ধে বিশেষজ্ঞ সলিসিটারদের নাম আপনাকে দিতে পারবে।

ইন্‌কোয়েস্টের জন্য তৈরী হওয়া এবং ইন্‌কোয়েস্টে প্রতিনিধিত্ব করার জন্য খুব কম ক্ষেত্রেই লীগাল এইড পাওয়া যায়। আপনার ক্ষেত্রে লীগাল এইড পাওয়া যাবে কিনা সে বিষয়ে 'ইন্‌কোয়েস্ট' নামের প্রতিষ্ঠানটিও আপনাকে উপদেশ দিতে পারবে।

আপনি যদি টাকা দাবি করার ব্যবস্থা নিয়ে থাকেন (এই পৃষ্ঠার নিচের দিকে এবং তৃতীয় অংশ দেখবেন), তাহলে যে সলিসিটার এই দাবির ব্যাপারে কাজ করছেন খুব সম্ভবতঃ তিনি ইন্‌কোয়েস্টে উপস্থিত থেকে প্রশ্ন করতে চাইবেন। তিনি হয়ত কিছু নির্দিষ্ট লোকের সাক্ষ্য শোনার জন্য করোনারকে অনুরোধ করতে পারেন।

করোনার এবং ইন্‌কোয়েস্ট সম্বন্ধে *'হোয়েন এ সাডেন ডেথ অকারস্'* (*When a sudden death occurs-* যখন হঠাৎ একটি মৃত্যু ঘটে) নামের একটি প্রচারপত্র (লিফলেট), www.homeoffice.gov.uk ঠিকানায় হোম অফিসের ওয়েবসাইটে পাওয়া যায়। আপনি করোনারের অফিসারের কাছে এর একটা কপি চাইতে পারেন।

একজন সলিসিটারের সাথে পরামর্শ করা

একজন সলিসিটারের সাথে পরামর্শ করার জন্য বেশ কয়েকটি কারণ আছে। কখন একজন সলিসিটারের সাথে পরামর্শ করা ভাল এবং কিভাবে ঠিক সলিসিটার বেছে নেওয়া যাবে এই প্যাকে বুঝিয়ে বলা হয়েছে এবং সে বিষয়ে উপদেশ দেওয়া হয়েছে।

তাছাড়াও, এই প্যাকে বুঝিয়ে বলা হয়েছে যে একজন সলিসিটারের সাথে পরামর্শ করা অথবা নিয়োগ করার সামর্থ্য যে আপনার থাকতেই হবে তা নয়।

এই ব্যাপারে দক্ষতাসম্পন্ন একজন সলিসিটারকে পছন্দ করাটা গুরুত্বপূর্ণ। হয়ত একটা বাড়ি কেনায় সাহায্য করার জন্য, আপনি হয়ত আগে একজন সলিসিটারকে ব্যবহার করেছেন। তবে আপনার পরিচিত একজন সলিসিটার হয়ত এ ক্ষেত্রে ব্যবহার করার জন্য সবচেয়ে ভাল নাও হতে পারেন।

একজন সলিসিটারের সাথে পরামর্শ করার যে কারণটি সবচেয়ে বেশী দেখা যায় সেটা হচ্ছে যে আপনার ক্ষতির জন্য আপনি কোন টাকা দাবি করতে পারবেন কিনা তা জানার উদ্দেশ্যে। একটি মৃত্যুর পরে টাকা দাবি করায় দক্ষতা রয়েছে এরকম একজন সলিসিটারের সাথে, যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি পরামর্শ করাটা বুদ্ধিমানের কাজ (29 থেকে 31 নম্বর পৃষ্ঠা দেখবেন)।

সাংবাদিক

খবরের কাগজ, সাময়িকী, টেলিভিশন ও রেডিওর সাংবাদিকরা হয়ত এই সঙ্ঘর্ষ এবং তার পরের কোন আদালতের মামলার বিষয়ে জানার জন্য আগ্রহী থাকবেন।

সাংবাদিকরা হয়ত আপনাকে টেলিফোন করবেন, আপনার দরজায় ধাক্কা দেবেন অথবা আদালতের শুনানীর সময় আপনার সাথে কথা বলতে চাইবেন। তারা হয়ত আপনার নাম ছাপতে অথবা বেতারে ঘোষণা করতে পারেন।

সাংবাদিকদের সাথে কথা বলা এবং সংবাদমাধ্যমে একজন প্রিয়জনের বিষয়ে শোনাটা খুব মনঃকষ্টের কারণ হতে পারে। আপনি যদি বলেন যে আপনি তাদের সাথে কথা বলতে চান না, তাহলে তা বেশীরভাগ সাংবাদিকই বুঝতে পারবেন।

আপনি যদি সাংবাদিকদের সাথে কথা বলবেন বলে ঠিক করেন, তাহলে আপনি হয়ত দেখবেন যে আপনি কি বলবেন তা আগে থেকে ঠিক করে নিলে আপনার সুবিধা হবে। আপনি যা বলতে চান তা আপনি হয়ত একটা ছোট বিবৃতি হিসাবে লিখতে চাইতে পারেন এবং এটা আপনি সাংবাদিকদের দিতে অথবা পড়ে শোনাতে পারবেন।

একটা মৃত্যুর জন্য যদি কাউকে দোষী বলে মনে করা হয়, তাহলে নিশ্চিত করবেন যে আইনের আদালতে প্রমাণিত হয়নি এরকম কোন দোষারোপ আপনি না করেন। আপনার একজন সলিসিটার থাকলে, আপনার কোন বিবৃতি আপনি তাকে দেখে দিতে বলতে পারেন, অথবা আপনার হয়ে তিনি একটা বিবৃতি দিতে পারেন।

এই ব্যাপারটির সম্বন্ধে সংবাদমাধ্যমের দেওয়া খবরগুলি ইতিবাচক হতে পারে। এর ফলে হয়ত, রাস্তাঘাটে কতজনের মৃত্যু ঘটছে এবং রাস্তাঘাটের নিরাপত্তা সম্বন্ধে লোকের সচেতনতা বাড়াতে পারে।

রাস্তাঘাটের মৃত্যু ঘটিত শোক পেলে, কিছু লোক রাস্তাঘাটের নিরাপত্তার জন্য প্রকাশ্য প্রচার করতে চান। এই বিষয়ে প্রচার করেন এরকম প্রতিষ্ঠানগুলির নাম 37 - 39 পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

অযাচিত চিঠিপত্র আসা বন্ধ করা

যার মৃত্যু হয়েছে তার নামে সরাসরি চিঠিপত্র, ফ্যাক্স বা কিছু বিক্রি করার উদ্দেশ্যে টেলিফোন আসলে তা মনকে অস্থির করে তুলতে পারে।

একজন মৃত বন্ধু বা আত্মীয়ের নামে জাঙ্ক মেইল (কোন কিছু বিক্রি করা উদ্দেশ্যে পাঠানো অযাচিত চিঠি) আসা কমিয়ে দেওয়ার একটা উপায় হচ্ছে 0870 600 7222 নম্বরে দা বিরীভ্মেন্ট রেজিস্টারকে টেলিফোন করা অথবা এদের www.the-bereavement-register.org.uk ঠিকানার ওয়েবসাইটে লগ্ অন্ করা। দা বিরীভ্মেন্ট রেজিস্টারে নাম লেখানোর পদ্ধতিটা সহজ এবং এটা বিনাখরচে করা যায়।

তাছাড়াও, নিচের পরিষেবাগুলিতে নাম লিখিয়ে বিক্রি করা উদ্দেশ্যে করা অযাচিত টেলিফোন, ফ্যাক্স এবং চিঠি আসা আপনি বন্ধ করতে পারবেন:

- **Mailing Preference Service (মেইলিং প্রেফারেন্স সার্ভিস)**
(www.mpsonline.org.uk অথবা 0845 703 4599)
- **Telephone Preference Service (টেলিফোন প্রেফারেন্স সার্ভিস)**
(www.tpsonline.org.uk অথবা 0845 070 0707)
- **Fax Preference Service (ফ্যাক্স প্রেফারেন্স সার্ভিস)**
(www.fpsonline.org.uk অথবা 0845 0700 702)

কয়েক বছর অন্তর অন্তর আপনাকে এই পরিষেবাগুলির সাথে আবার নতুন করে নাম লেখাতে হবে।

ওপরের পরিষেবাগুলি হয়ত সব অযাচিত চিঠিপত্র আসা একদম বন্ধ করতে পারবে না, তবে এগুলি আসার সম্ভাবনা কমে যাবে।

পুলিসের সাথে কথাবার্তা বলা

আপনার 'যোগাযোগের প্রধান সূত্র' হিসাবে সাধারণতঃ একজন পুলিস অফিসারকে নিয়োগ করা হয়। বিভিন্ন রকম প্রণালীর ব্যাপারে আপনাকে সাহায্য করাই হচ্ছে এর কাজ। এই পুলিস অফিসার একজন বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত (ট্রেইনিং পাওয়া) 'ফ্যামিলি লিয়েজঁ অফিসার' (FLO) হতেও পারেন বা নাও হতে পারেন।

একজন ফ্যামিলি লিয়েজঁ অফিসার হচ্ছেন এমন একজন অফিসার যিনি পথঘাটের সঙ্ঘর্ষের জন্য শোকগ্রস্ত লোকদের প্রয়োজন সম্বন্ধে প্রশিক্ষণ পেয়েছেন।

আপনার পুলিসের সাথে যোগাযোগ রক্ষার অফিসার অথবা ফ্যামিলি লিয়েজঁ অফিসারের নিচের জিনিষগুলি করতে পারা উচিত:

- আপনার যখন প্রয়োজন হবে তখনই তাদের সাথে যোগাযোগ করার নম্বর বা নম্বরগুলি আপনাকে দেওয়া।
- সঙ্ঘর্ষের পরে তখন তখন যে উদ্বেগগুলি থাকে তা নিয়ে আপনাকে সাহায্য করা, এবং শনাক্ত করার পদ্ধতিতে সবসময় সহায়তা করা।
- সঙ্ঘর্ষের বিষয়ে পুলিসের তদন্ত কিরকম এগোচ্ছে এবং কোন চার্জ আনা হলে সে বিষয়ে আপনাকে জানানো।

তাছাড়াও, আপনার পুলিসের সাথে যোগাযোগ রক্ষার অফিসার অথবা ফ্যামিলি লিয়েজঁ অফিসার হয়ত নিচের জিনিষগুলি করতে পারবেন:

- ইনকোয়েস্ট এবং/অথবা আদালতের ফৌজদারী মামলার তারিখগুলি আপনাকে জানাতে পারবেন এবং আপনি চাইলে আপনার সাথে আদালতে যেতে পারবেন।
- আপনার বিষয়টি সম্বন্ধে সংবাদমাধ্যমের আগ্রহ থাকলে, আপনি চাইলে, আপনার হয়ে সংবাদমাধ্যমের থেকে আসা টেলিফোনের কলগুলির উত্তর দিয়ে এদের নিয়ন্ত্রণ করতে পারবেন।
- কাউন্সেলিং সার্ভিসের মত স্থানীয় সহায়তার প্রতিষ্ঠানগুলির সাথে আপনার যোগাযোগ করিয়ে দিতে সাহায্য করতে পারবেন।
- আপনার কোন প্রশ্ন থাকলে তার উত্তর পেতে সাহায্য করবেন, অথবা উত্তর দিতে পারবে এরকম অন্য কারুর কাছে যাওয়ার নির্দেশ দেবেন।

এই বইটির দ্বিতীয় পৃষ্ঠায় জায়গা রয়েছে, যেখানে আপনি আপনার পুলিস অফিসারের টেলিফোন নম্বরটা লিখে রাখতে পারবেন।

দ্বিতীয় অংশ

পৃষ্ঠা **ফৌজদারী মামলা করা**

17	ক্রিমিনাল প্রসিকিউশন (সরকারী পক্ষ থেকে ফৌজদারী মামলা করা)
17	চার্জ (অভিযোগ) করা
18	ভিক্টিম পর্সোনাল স্টেটমেন্টস্ (ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ব্যক্তিগত বিবৃতি)
18	মামলাগুলির শুনানী কোথায় হয়?
19	আপনাকে যদি একজন সাক্ষী হতে বলা হয়?
19	বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
20	বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে মৃত্যু ঘটানো
20	মনযোগ না দিয়ে গাড়ি চালানো
21	ম্যানস্লটার(অপরিকল্পিত হত্যা)
21	মদ বা মাদকদ্রব্যের (ড্রাগের) প্রভাবে থাকাকালীন গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
22	যারা গাড়ি চালাচ্ছিলেন না তাদের বিরুদ্ধের চার্জগুলি
22	ত্রুটিপূর্ণ গাড়ি ব্যবহার করে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
23	বেসরকারী জমিতে বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি
23	আদালতের পদ্ধতি ম্যাজিস্ট্রেটের কোর্টে কি হয়?
24	ক্রাউন কোর্টে কি হয়?
25	একটা মামলা চলার সময় আদালতে উপস্থিত থাকা
26	আপীল
27	ফৌজদারী অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থা সম্বন্ধে আপনার যদি কোন উদ্বেগ থাকে

ক্রিমিনাল প্রসিকিউশন (সরকারী পক্ষ থেকে ফৌজদারী মামলা করা)

পুলিসের তদন্তের পরে যদি দেখা যায় যে কোন একজন, অথবা কয়েকজন লোক, অথবা কোন কোন ক্ষেত্রে একটা কম্পানী এই সঙ্ঘর্ষের জন্য দায়ী এবং তারা এরকম আচরণ করেছেন যেটা ফৌজদারী অপরাধ বলে গণ্য করা হয়, তাহলে তাদের হয়ত ক্রিমিনাল প্রসিকিউশনের সম্মুখীন হতে হবে।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস, রাণীর হয়ে একটা ক্রিমিনাল প্রসিকিউশন আনে। ক্রাউন প্রসিকিউশন সার্ভিস হচ্ছে সরকারী পক্ষ থেকে ফৌজদারী মামলা করার অধিকারসম্পন্ন একটি নিরপেক্ষ সংস্থা।

ক্রিমিনাল প্রসিকিউশনের উদ্দেশ্যে হচ্ছে যে কেউ আইন অমান্য করেছেন কিনা তা জানা এবং তা করে থাকলে অপরাধীকে শাস্তি দেওয়া।

কখন এবং কিভাবে কোন একজনকে একটা অপরাধের জন্য চার্জ করা হয়, কি কি চার্জ করা সম্ভব, যে আদালতে এই চার্জগুলির শুনানী হবে এবং কাউকে দোষী সাব্যস্ত করা হলে সবচেয়ে বেশী কি শাস্তি হতে পারে তা এর পরের অংশে বলা হয়েছে। সেই তথ্যের পরের কয়েকটি পৃষ্ঠার বিষয়গুলি হচ্ছে আদালতের পদ্ধতি, আদালতের শুনানীর সময় উপস্থিত থাকা সম্বন্ধে তথ্য, এবং একটা মামলার ফলাফলে অথবা সেটা যেভাবে চালানো হয়েছে সে বিষয়ে আপনি সন্তুষ্ট না হলে, আপনি কি করতে পারেন।

প্রসিকিউশন (সরকারী পক্ষ থেকে মামলা) করা হবে কিনা তা নির্ভর করবে আপনার ব্যাপারটির তথ্যের উপর। কোন কোন সময়, রাস্তাঘাটে একটা মৃত্যু হওয়ার পর, কারুর বিরুদ্ধে সরকারীভাবে মামলা করা হয় না।

চার্জ (অভিযোগ) করা

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস (CPS) হচ্ছে একটি নিরপেক্ষ সংস্থা যারা সরকারের পক্ষ থেকে আদালতে মামলা করে। বেশীরভাগ ক্ষেত্রেই, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস ঠিক করে যে একজন লোককে একটা ফৌজদারী অপরাধের জন্য চার্জ করা হবে কিনা এবং কি কি চার্জ আদালতের সামনে আনা হবে।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের আইনজীবিদের ক্রাউন প্রসিকিউটার বলা হয় এবং 'দোষী সাব্যস্ত হওয়ার বাস্তব সম্ভাবনা থাকলে' তবেই তারা সরকারের পক্ষ থেকে মামলা করেন। এর মানে হচ্ছে যে তারা অবশ্যই বিশ্বাস করেন যে দোষী সাব্যস্ত না হওয়ার সম্ভাবনার তুলনায় দোষী সাব্যস্ত হওয়ার সম্ভাবনাই বেশী। একজন লোককে দোষী সাব্যস্ত করা হবে কিনা সে বিষয়ে আদালত যেভাবে সিদ্ধান্ত এটা তার থেকে আলাদা। একজন লোকের দোষ সম্বন্ধে নিশ্চিত হলে শুধুমাত্র তখনই একটা আদালতের তাকে দোষী সাব্যস্ত করা উচিত।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস প্রমাণগুলি বিচার করে দেখার পরে, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস একটা চার্জ বেছে নেয়, যেটা এই অভিযুক্ত অপরাধের গুরুত্বটা প্রতিবিম্বিত করে। ক্রাউন প্রসিকিউশন সার্ভিস যদি মনে করে যে আরও গুরুতর একটা অপরাধের জন্য দোষী সাব্যস্ত হওয়ার সম্ভাবনা কম, তাহলে কোন কোন সময় তারা অপেক্ষাকৃত কম গুরুতর চার্জ বেছে নেয়।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস 'জনসাধারণের স্বার্থের' জন্য কাজ করে, সঙ্ঘর্ষে যার ক্ষতি হয়েছে তার ও তার পরিবারের জন্য নয়। তবে, সরকারের পক্ষ থেকে একটা ফৌজদারী মামলা জনসাধারণের স্বার্থের পক্ষে ভাল কিনা সে সিদ্ধান্ত নেওয়ার সময়, সঙ্ঘর্ষের ফলে ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট-এ (আহত/মৃত ব্যক্তির পক্ষ থেকে দেওয়া ব্যক্তিগত বিবৃতিটিতে) বলা মতামতগুলি হিসাবের মধ্যে নেওয়া হয় (18 নম্বর পৃষ্ঠা দেখবেন)।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস যদি সরকারের হয়ে ফৌজদারী মামলা করবে বলে ঠিক করে, তাহলে অভিযুক্ত

লোকটিকে হয়ত গ্রেপ্তার করে, চার্জ করার উদ্দেশ্যে থানায় নিয়ে যাওয়া হতে পারে। তা নাহলে, তাকে হয়ত একটা আদালতের সমন জারী করা হবে, যেটাতে চার্জটা বুঝিয়ে দেওয়া হবে এবং আদালতে হাজির হওয়ার জন্য তাকে আদেশ করা হবে।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস, কোড ফর ক্রাউন প্রসিকিউটারস (সরকারী তরফ থেকে মামলা করার দায়িত্বপ্রাপ্ত আইনজীবিদের নীতি) অনুসারে চলে। 020 7796 8000 নম্বরে টেলিফোন করে অথবা www.cps.gov.uk ঠিকানায় গিয়ে আপনি বিনাপয়সায় এর একটা কপি (প্রতিলিপি) পেতে পারেন।

ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্টস্ (ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ব্যক্তিগত বিবৃতি)

যদি ফৌজদারী চার্জের কথা বিবেচনা করা হয়, তাহলে ক্ষতিগ্রস্ত আত্মীয়স্বজনরা একটা **'ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট'** দিতে পারেন। এতে, এই অপরাধ তাদের জীবনের ওপর কি প্রভাব ফেলেছে তা লিখিতভাবে বুঝিয়ে বলার একটা সুযোগ ক্ষতিগ্রস্ত লোকদের দেওয়া হয়।

একটা ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট, সেই মামলার কাগজপত্রের অংশ হয়ে যায় এবং সেটা আদালতে পড়ে শোনানো হতে পারে। আপনার ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট নিজে পড়ে শোনাতে হবে না, কিন্তু আপনাকে হয়ত এটার বিষয়ে প্রশ্নের উত্তর দিতে হতে পারে।

আপনি একটা ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট দিতে চাইলে সে বিষয়ে পুলিসকে জিজ্ঞাসা করতে পারেন। ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট সম্বন্ধে একটা প্রচারপত্র এই নির্দেশিকাটির পিছনের পকেটে দেওয়া হয়েছে।

চার্জগুলি সম্বন্ধে আপনার কোন প্রশ্ন থাকলে, আপনি আপনার মামলার দায়িত্বপ্রাপ্ত ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কর্মচারীর সাথে কথা বলতে বা দেখা করতে চাইতে পারেন। তিনি সিদ্ধান্তগুলি সম্বন্ধে বুঝিয়ে বলতে পারবেন।

মামলাগুলির শুনানী কোথায় হয় ?

চার্জের ওপর নির্ভর করে, হয় **ম্যাজিস্ট্রেটের কোর্টে** নয়ত **ক্রাউন কোর্টে** মামলাগুলির শুনানী হয়। গুরুতর চার্জগুলির শুনানী ক্রাউন কোর্টে হয়।

সরকারী পক্ষ থেকে মামলা দাঁড় করানোর কাজটা করে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস। যাকে চার্জ করা হচ্ছে, তাকে প্রতিবাদী (ডিফেন্ড্যান্ট) বলা হয়।

কি কি চার্জ করা যেতে পারে, কোন আদালতে এগুলির শুনানী হবে এবং সবচেয়ে বেশী শাস্তি কি হতে পারে তা এর পরের কয়েক পৃষ্ঠায় বলা হয়েছে।

এটা জেনে রাখা ভাল যে:

- কাউকে একটা অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হলে, খুব কম সময়ই আদালত সবচেয়ে বেশী শাস্তিটা দেয় এবং সবচেয়ে বেশী শাস্তির থেকে **হয়ত অনেক কম শাস্তি দেবে**।
- কোন কোন সময় একজন প্রতিবাদীকে আদালত একটা গুরুতর চার্জে দোষী সাব্যস্ত না করে একটা **অপেক্ষাকৃত কম গুরুতর চার্জে দোষী বলে রায় দেয়**।
- মামলার নিষ্পত্তি হতে, **যা আশা করা হয় তার থেকে বেশীদিন সময়** লাগতে পারে। এটা অনেক রকম কারণে

হতে পারে, যেমন, একজন সাক্ষীকে খুঁজে বের করার প্রয়োজন থাকা অথবা মামলার শুনানীর আগে কাগজপত্র সংগ্রহ করার জন্য।

একটা মামলা কিরকমভাবে এগোচ্ছে তা আপনাকে পুলিস এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিস বুঝিয়ে বলতে পারবে এবং কোন দেরী হলে তার কারণটাও বুঝিয়ে দিতে পারবে। আপনার যদি মনে হয় যে মামলার শুনানী হতে খুব বেশী দেরী হচ্ছে, তাহলে আপনি আদালতকে চিঠি লিখে, যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি এই মামলাটির শুনানী হওয়া নিশ্চিত করার অনুরোধ করতে পারেন।

আপনাকে যদি একজন সাক্ষী হতে বলা হয়

কোন কোন ক্ষেত্রে, রাস্তাঘাটের সঙ্ঘর্ষের ফলে শোকপ্রাপ্ত একজন লোককে হয়ত একটা ফৌজদারী মামলায় সাক্ষী হিসাবে সাক্ষ্য দিতে বলা হবে। যেক্ষেত্রে এটা হতে পারে তার উদাহরণ হচ্ছে, আপনি যদি সেই সঙ্ঘর্ষটি, অথবা সেটা ঘটার আগের কিছু ঘটনা দেখে থাকেন।

আপনাকে যদি সাক্ষী হতে বলা হয়, তাহলে আপনাকে হয়ত আদালতে সাক্ষ্য দিতে হবে। তাছাড়াও, এই মামলার দায়িত্বপ্রাপ্ত ক্রাউন প্রসিকিউটার অথবা প্রতিবাদীর আইনজীবির সাথে মামলার-আগের সাক্ষাৎকারের জন্য উপস্থিত থাকার দরকার হবে (17 নম্বর পৃষ্ঠা দেখবেন)। এই সাক্ষাৎকারকে 'প্রিকগ্নিশন' বলা হয়। এতে, আপনি যা সাক্ষ্য দিচ্ছেন তা বুঝতে আইনজীবিদের সাহায্য হয়।

আপনার সহায়তা করার উদ্দেশ্যে, প্রিকগ্নিশনের সময় একজন আত্মীয় বা বন্ধুর আপনার সাথে হয়ত থাকতে পারবেন। আপনি যদি চান যে আপনার সাথে কেউ থাকুন, তাহলে আপনি ক্রাউন প্রসিকিউটার অথবা প্রতিবাদীর আইনজীবিকে জিজ্ঞাসা করবেন যে এটা সম্ভব হবে কিনা। অন্য একজন সাক্ষীকে আপনার সাথে থাকতে দেওয়া হবে না এবং আপনার সহায়তাকারী এই সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবেন না।

যেসব সাক্ষীদের 'ক্ষতি হওয়া সম্ভব' বলে মনে করা হয়, তাদের জন্য হয়ত বিশেষ ব্যবস্থা করা হবে, যাতে তারা একটা পর্দার আড়াল থেকে বা সিসিটিভির মাধ্যমে আদালতে সাক্ষ্য দিতে পারেন। 'ক্ষতি হওয়া সম্ভব' এরকম সাক্ষীদের মধ্যে যারা হয়ত থাকতে পারেন তারা হচ্ছেন 17 বছরের কম বয়সী ছেলেমেয়েরা, অথবা কোন সাক্ষী, যার আদালতের সামনে সরাসরি সাক্ষ্য দেওয়ার ক্ষমতার ওপরে মানসিক কষ্ট বা ভয়ের প্রভাব পড়েছে।

আপনি বিশেষ ব্যবস্থা পাওয়ার জন্য উপযুক্ত কিনা সে বিষয়ে ক্রাউন প্রসিকিউটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

আপনাকে যদি সাক্ষী হতে বলা হয়, তাহলে আপনি আপনার সব উদ্বেগগুলি সম্বন্ধে ক্রাউন প্রসিকিউটার অথবা আপনার উইট্‌নেস সার্ভিসের সাথে আলোচনা করতে পারেন। ভিক্টিম সাপোর্ট নামের দাতব্য প্রতিষ্ঠানটি, বিচার চলাকালীন সাক্ষীদের সহায়তা করার উদ্দেশ্যে উইট্‌নেস সপোর্টকে চালান। আপনার স্থানীয় উইট্‌নেস সার্ভিস সম্বন্ধে তথ্যের জন্য, 020 7735 9166 নম্বরে টেলিফোন করবেন অথবা www.victimsupport.org.uk ঠিকানায় দেখবেন।

বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি:

1. **'বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে কারুর মৃত্যু ঘটানো' (কজিং ডেথ্ বাই ডেঞ্জারাস ড্রাইভিং) রোড ট্র্যাফিক এ্যাক্ট 1988-এর সেক্‌শন 1 (রোড ট্র্যাফিক এ্যাক্ট 1991 s.1 অনুসারে যা পরিবর্তিত হয়েছে সেরকম)**

আইনে বলা হয়েছে যে: 'একটা যন্ত্রচালিত গাড়ি বিপজ্জনকভাবে, রাস্তায় বা জনসাধারণের ব্যবহৃত অন্য কোন জায়গায় চালিয়ে, যিনি অন্য একজন লোকের মৃত্যু ঘটাবেন, তিনি একটা অপরাধে অপরাধী।'

বিপজ্জনকভাবে গাড়ি চালানোর বর্ণনা হচ্ছে:

ক) যেভাবে একজন লোক গাড়ি চালিয়েছিলেন, তা একজন দক্ষ ও সাবধানী চালকের কাছ থেকে যা আশা করা যায়, তার তুলনায় অনেকটাই খারাপ, এবং

খ) একজন দক্ষ ও সাবধানী চালকের কাছে এটা সুস্পষ্ট হবে যে এরকমভাবে গাড়ি চালানোটা বিপজ্জনক। তাছাড়াও, যে ক্ষেত্রে একজন দক্ষ ও সাবধানী চালকের কাছে সুস্পষ্ট হওয়া উচিত যে একটা গাড়ির বর্তমান অবস্থায় সেটাকে চালানো বিপজ্জনক হবে, সে ক্ষেত্রে সেটাকেও বিপজ্জনকভাবে গাড়ি চালানো বলা হয়।

এই চার্জটার শুনানী ক্রাউন কোর্টে হয়। এর জন্য সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে 14 বছরের কারাদণ্ড এবং অপরিমিত পরিমাণের জরিমানা। কাউকে দোষী সাব্যস্ত করা হলে তাকে সাধারণতঃ অন্ততঃ দুই বছরের জন্য গাড়ি চালানোর অযোগ্য বলে ঘোষণা করা হয়। তাছাড়াও, দোষী লোকটিকে তার লাইসেন্স ফিরে পাওয়ার আগে সাধারণ পরীক্ষার থেকে বড় একটা গাড়ি চালানোর পরীক্ষা দিতে হবে।

2. 'মনযোগ না দিয়ে গাড়ি চালানো' (কেয়ারলেস ড্রাইভিং) রোড ট্র্যাফিক এ্যাক্ট 1988-এর সেক্‌শন 3

মনযোগ না দিয়ে গাড়ি চালানো এবং বিপজ্জনকভাবে গাড়ি চালানোর মধ্যে আইনে তফাৎ করা হয়েছে। যে চালকের খারাপ গাড়ি চালানো একটি মৃত্যুর কারণ বলে মনে করা হয়, কোন কোন সময় তার বিরুদ্ধে **বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে মৃত্যু ঘটানোর** চার্জের বদলে একটা **মনযোগ না দিয়ে গাড়ি চালানোর** অপেক্ষাকৃত কম গুরুতর চার্জ করা হয়।

মনযোগ না দিয়ে গাড়ি চালানোর বর্ণনা হচ্ছে যে অপরাধীর গাড়ি চালানোর মান, একজন দক্ষ ও সাবধানী চালকের কাছে যা আশা করা যায়, তার থেকে **খারাপ হয়েছে**। বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে মৃত্যু ঘটানোর অপরাধে দোষী হতে হলে, একজন সাবধানী ও দক্ষ চালকের কাছে যা আশা করা যায়, তার তুলনায় গাড়ি চালানোর মান **অনেকটাই খারাপ হতে হবে**।

মনযোগ না দিয়ে গাড়ি চালানো সম্পর্কিত আইনে বলা হয়েছে যে: 'একজন লোক যদি একটা যন্ত্রচালিত গাড়ি রাস্তায় বা জনসাধারণের ব্যবহৃত অন্য কোন জায়গায় চালানোর সময় যথেষ্ট সাবধানতা ও মনযোগ না দেন অথবা সেই রাস্তা বা জায়গা যারা ব্যবহার করছেন তাদের প্রতি সঙ্গত রকমের বিবেচনা না দেখান, তাহলে সেই লোকটি একটা অপরাধে অপরাধী।'

মনযোগ না দিয়ে গাড়ি চালানোর ফলে একটি মৃত্যু ঘটলেও, মনযোগ না দিয়ে গাড়ি চালানোর চার্জের সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে শুধুমাত্র একটা জরিমানা দেওয়া।

এই চার্জটার শুনানী সাধারণতঃ ম্যাজিস্ট্রেটের কোর্টে হয়। এর জন্য সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে £2,500-এর জরিমানা। গাড়ি চালকের লাইসেন্সে শাস্তি হিসাবে তিন থেকে নয় পয়েন্ট অবধি অবশ্যই দিতে হবে অথবা আদালত হয়ত তাকে গাড়ি চালানোর জন্য অযোগ্য বলে ঘোষণা করতে পারে।

3. **‘ম্যানস্লটার’ (অপরিকল্পিত হত্যা)**
অফেন্সেজ্ এগেইনস্ট দা পার্সনস্ এ্যাক্ট 1861 (সেক্শন 5)

যদি কারুর বিপজ্জনকভাবে গাড়ি চালানোর ফলে কোন একজনের মৃত্যু হয়, তাহলে তাকে অপরিকল্পিত হত্যার জন্য চার্জ করা যায়।

পরস্পরের বিরুদ্ধে পাল্লা দিয়ে গাড়ি চালানো অথবা যখন একটা গাড়িকে একটা অস্ত্র হিসাবে ব্যবহার করার মত ক্ষেত্রে এই চার্জটা ব্যবহার করা হয়।

অপরিকল্পিত হত্যার চার্জ খুব কম সময়েই আনা হয়।

এই চার্জটার শুনানী ক্রাউন কোর্টে হয়। এর জন্য সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে যাবজ্জীবন কারাদণ্ড। কাউকে দোষী সাব্যস্ত করা হলে তাকে অন্ততঃ দুই বছর গাড়ি চালানোর জন্য অযোগ্য বলে ঘোষণা করা হয় এবং তারপরে অবশ্যই একটা সাধারণের থেকে বড় একটা ড্রাইভিং টেস্ট (গাড়ি চালানোর দক্ষতার পরীক্ষা) দিতে হবে।

মদ অথবা মাদক দ্রব্যের প্রভাবে থাকাকালীন গাড়ি চালিয়ে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি:

‘মদ অথবা মাদকদ্রব্যের প্রভাবে থাকাকালীন মনযোগ না দিয়ে গাড়ি চালিয়ে কারুর মৃত্যু ঘটানো’ (কজিং ডেথ্ বাই কেয়ারলেস ড্রাইভিং হোয়েন আন্ডার দা ইনফ্লুয়েন্স অফ্ ড্রিঙ্ক এ্যান্ড ড্রাগ) রোড ট্র্যাফিক এ্যাক্ট 1988-এর সেক্শন 3A (রোড ট্র্যাফিক এ্যাক্ট 1991, S3 অনুসারে যা পরিবর্তিত হয়েছে সেরকম)

আইনে বলা হয়েছে যে: ‘একজন লোক যদি একটা যন্ত্রচালিত গাড়ি রাস্তায় বা জনসাধারণের ব্যবহৃত অন্য কোন জায়গায় চালানোর সময় যথেষ্ট সাবধানতা ও মনযোগ না দেন অথবা সেই রাস্তা বা জায়গা যারা ব্যবহার করছেন তাদের প্রতি সঙ্গত রকমের বিবেচনা না দেখান, এবং গাড়ি চালানোর সময় যদি মদ বা মাদকদ্রব্যের জন্য তিনি গাড়ি চালানোর জন্য যোগ্য না থাকেন অথবা তিনি এতটাই মদ খেয়েছিলেন যে তার নিশ্বাসে, রক্তে বা প্রস্রাবে মদের পরিমাণ, বলে দেওয়া সীমার অতিরিক্ত থাকে, তাহলে সেই লোকটি একটা অপরাধে অপরাধী।’

চালকের শরীরে যদি মদের আইনসম্মত সীমার বেশী পরিমাণ মদ থাকে অথবা তিনি আইনসম্মত সীমা অতিক্রম করেছেন কিনা তা পুলিসের পরীক্ষা করে দেখার জন্য যদি তিনি একটা নমুনা দিতে রাজী না হন, আহলে একটা অপরাধ করা হয়। এর মানে হচ্ছে যে পুলিসকে প্রমাণ করতে হবে না যে একজন লোকের গাড়ি চালানোর ক্ষমতা ব্যাহত হয়েছে, শুধু তার শরীরে যে আইনসম্মত পরিমাণের অতিরিক্ত মদ রয়েছে সেটা দেখালেই হবে।

এই চার্জটার শুনানী ক্রাউন কোর্টে হয়। এর জন্য সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে 14 বছরের কারাদণ্ড এবং অপরিমিত জরিমানার। কাউকে দোষী সাব্যস্ত করা হলে তাকে অবশ্যই অন্ততঃ দুই বছরের জন্য গাড়ি চালানোর অযোগ্য বলে ঘোষণা করতে হবে। সম্পূর্ণ লাইসেন্স ফিরে পাওয়ার আগে তাকে আবার একটা গাড়ি চালানোর পরীক্ষা দিতে হবে।

যারা গাড়ি চালাচ্ছিলেন না তাদের বিরুদ্ধের চার্জগুলি:

1. **‘সাহায্য করা এবং দুষ্কর্ম গোপন করতে সাহায্য করা’ (এইডিং এ্যান্ড এ্যাবেটিং)**

যিনি অন্য একজন লোককে একটা অপরাধ করতে উৎসাহ দেন, তিনিও হয়ত সেই অপরাধের জন্য দোষী।

যেমন, গাড়ির একজন যাত্রী যদি সেই গাড়ির চালককে বিপজ্জনকভাবে গাড়ি চালাতে উৎসাহ দেন, তাহলে সেই যাত্রীটিও হয়ত বিপজ্জনকভাবে গাড়ি চালানোর অপরাধে অপরাধী। সাধারণতঃ একই শাস্তি প্রযোজ্য হয়, তবে লাইসেন্স অযোগ্য হয়ে যাওয়ার সময়ের সীমার তফাৎ হতে পারে।

যেসব কম্পানী গাড়িচালক ব্যবহার করে (যেমন, যারা লরী বা বাস চালানোর ব্যবসা করে) এবং যারা এই চালকদের বিপজ্জনকভাবে চালাতে উৎসাহ দেয়, অথবা বিপজ্জনক অবস্থার গাড়ি ব্যবহার করে, তাদের ক্ষেত্রেও এটা প্রযোজ্য হতে পারে। সেই কম্পানী অথবা সেই কম্পানীর একজন ম্যানেজারকে হয়ত চার্জ করা হতে পারে।

2. **'ম্যানস্লটার' (অপরিকল্পিত হত্যা)**

রাস্তাঘাটে বিপজ্জনক ক্রিয়াকলাপ করার ফলে একটা মৃত্যু ঘটলে, সেই ক্রিয়াকলাপ করতে দেওয়ার জন্য কম্পনী বা কম্পানীর উচ্চপদস্থ কর্মচারীদের বিরুদ্ধে ম্যানস্লটারের চার্জ আনা হতে পারে।

একজন লোককে ম্যানস্লটারের জন্য চার্জ করা হলে, তার জন্য সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে যাবজ্জীবন কারাদণ্ড। একটা কম্পানীকে চার্জ করা হলে তাদের অপরিমিত পরিমাণের জরিমানা দিতে হতে পারে।

ত্রুটিপূর্ণ গাড়ি ব্যবহার করে কাউকে হত্যা করার জন্য চার্জগুলি:

একটা বিপজ্জনক গাড়ি (যেমন, একটা লরী যেটার ব্রেকটা খারাপ) ব্যবহার করে কেউ যদি একটা মৃত্যু ঘটান, তাহলে সেই চালক, অথবা সেই কম্পানীর যেসব উচ্চপদস্থ কর্মচারীদের ওপর সেই গাড়িটার দায়িত্ব ছিল তাদের চার্জ করা হতে পারে।

কোন কোন সময়, **বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে মৃত্যু ঘটানো** (20 নম্বর পৃষ্ঠা দেখবেন) বা **ম্যানস্লটার-এর (অপরিকল্পিত হত্যার)** (21 নম্বর পৃষ্ঠা দেখবেন) চার্জ আনা যায়। লরী বা বাসের ক্ষেত্রে, চালক অথবা সেই গাড়ির জন্য দায়িত্বসম্পন্ন উচ্চপদস্থ কর্মচারীদের এই অপরাধগুলির জন্য চার্জ করা হতে পারে, অথবা তাদের হয়ত **কন্স্ট্রাক্শন এ্যান্ড ইউজ্ রেগুলেশনগুলি (তৈরী ও ব্যবহার সংক্রান্ত নিয়মকানুন) মেনে না চলার** জন্য চার্জ করা হতে পারে।

কন্স্ট্রাক্শন এ্যান্ড ইউজ্ রেগুলেশনে, ব্রেক, টায়ার (চাকা), স্টীয়ারিং এবং ট্যাকোগ্রাফ (যেটাতে চালক কত ঘন্টা কাজ করেছেন তা রেকর্ড করা হয়) ও স্পীড লিমিটার (যেটাতে নির্দ্দিষ্ট সীমার বেশী গতিতে গাড়ি চালানো প্রতিরোধ করে) সমেত নিরাপত্তার পক্ষে অত্যাবশ্যক কিছু অংশ সংক্রান্ত বিভিন্ন ব্যধ্যবাধকতা ঠিক করে দেওয়া হয়েছে।

তাছাড়াও, লরী ও বাস কম্পানীর উচ্চপদস্থ কর্মচারীদের, ট্র্যাফিক কমিশনারের দেওয়া একটা বিশেষ লাইসেন্স থাকতে হবে। যেসব উচ্চপদস্থ কর্মচারীরা নিরাপত্তা সংক্রান্ত নিয়মকানুনগুলি ভঙ্গ করেন, তাদের কাছ থেকে এই লাইসেন্স নিয়ে নেওয়ার ক্ষমতা ট্র্যাফিক কমিশনারদের আছে (42 নম্বর পৃষ্ঠা দেখবেন)।

কন্স্ট্রাক্শন এ্যান্ড ইউজ্ রেগুলেশন ভঙ্গ করার মামলার শুনানী ম্যাজিস্ট্রেটের কোর্টে হয়। কন্স্ট্রাক্শন এ্যান্ড ইউজ্-এর বিভিন্ন অপরাধের জন্য অনেক ধরনের জরিমানা রয়েছে এবং এর মধ্যে সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে £5,000 জরিমানা। তাছাড়াও, একজন অপরাধীকে একটা কম্পানী চালানোর জন্য অযোগ্য বলে ঘোষণা করা সম্ভব হতে পারে।

বেসরকারী জমিতে বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে একজনকে হত্যা করার চার্জগুলি:

'উচ্ছৃঙ্খল ও প্রচণ্ড জোড়ে গাড়ি চালিয়ে শারীরিক ক্ষতি করা', সেক্শন 35 অফেন্সেজ্ এগেইন্স্ট দা পার্সন এ্যাক্ট 1961

একটা বেসরকারী রাস্তায় বিপজ্জনকভাবে গাড়ি চালানোর ফলে একটা মৃত্যু ঘটলে এই চার্জটা আনা হতে পারে। তাছাড়াও জনসাধারণের জন্য খোলা কার পার্কের মত যেসব জনসাধারণের ব্যবহৃত জায়গা রোড ট্র্যাফিক (রাস্তাঘাটের যানবাহন সংক্রান্ত) আইনের আওতায় পড়ে না, সেইসব জায়গায় মৃত্যু ঘটলেও এই চার্জটা আনা যেতে পারে।

এইসব জায়গায় একটা সঙ্ঘর্ষের ফলে একটা মৃত্যু ঘটলে তার বিচার ম্যানস্লটার অপরাধের আওতায়ও করা যেতে পারে (23 নম্বর পৃষ্ঠা দেখবেন)।

এই চার্জটার শুনানী ক্রাউন কোর্টে হয়। এর জন্য সবচেয়ে বেশী শাস্তি হচ্ছে দুই বছরের কারাদণ্ড।

আদালতের পদ্ধতি

ম্যাজিস্ট্রেটের কোর্টে কি হয়?

ম্যাজিস্ট্রেটের কোর্টের মামলাগুলির সিদ্ধান্ত সাধারণতঃ লে ম্যাজিস্ট্রেটরা নিয়ে থাকেন। **লে ম্যাজিস্ট্রেটরা** হচ্ছেন প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়ার (স্বেচ্ছাসেবক/সেবিকা), যারা একসাথে তিনজন করে বসেন এবং তাদের মধ্যে একজন সভাপতি হন। এদের কোন আইন সংক্রান্ত যোগ্যতা থাকে না। কোন কোন আদালতে আইন সংক্রান্ত যোগ্যতাপ্রাপ্ত ডিস্ট্রিক্ট জাজ্ (বিচারক) থাকেন এবং এরা একা বিচার করেন।

ম্যাজিস্ট্রেটের সিদ্ধান্ত নেন যে একজন প্রতিবাদী অপরাধী কিনা (যদি না তিনি দোষ স্বীকার করে থাকেন)। **ম্যাজিস্ট্রেটস্ এ্যাসোসিয়েশনের** কাছ থেকে পাওয়া নির্দেশগুলির সাহায্যে তারা শাস্তি ঠিক করেন। একজন যোগ্যতাসম্পন্ন করণিকের পিছনে ম্যাজিস্ট্রেটরা বসেন। তারা কোন উকিলের পোশাক বা আইনজ্ঞদের পরচুলা পরেন না।

ম্যাজিস্ট্রেটের কোর্টের শুনানী

তিনি অপরাধী না নির্দোষী তা জানিয়ে আবেদন করার উদ্দেশ্যে, একজন প্রতিবাদীকে অবশ্যই ম্যাজিস্ট্রেটের কোর্টে উপস্থিত হতে হবে। (কোন কোন সময় আদালত মামলা স্থগিত রাখার অনুমতি দিতে পারে, যাতে প্রতিবাদী তার আবেদন সম্বন্ধে সিদ্ধান্ত নিতে পারেন।)

প্রতিবাদী যদি দোষ স্বীকার করে আবেদন করেন, তাহলে ম্যাজিস্ট্রেট(রা) সেই মামলার তথ্যগুলি শুনবেন এবং তারপরে তাকে শাস্তি দেবেন। যদি তিনি নিদোষী বলে আবেদন করেন, তাহলে সেই মামলাটি স্থগিত রাখা হয় এবং বিচারের জন্য একটা দিন ঠিক করা হয়।

ম্যাজিস্ট্রেটের কোর্টে বিচারের জন্য বেশ কিছুদিন পরের একটা তারিখ দেওয়া হতে পারে, যাতে প্রতিবাদী এবং সরকারী পক্ষ তাদের পক্ষের বক্তব্য তৈরী করতে পারেন। কোন কোন সময়, বিচারের তারিখগুলি পিছিয়ে দেওয়া হয়। মাঝে মধ্যে এটা একদন শেষ মুহূর্তে করা হয়।

ম্যাজিস্ট্রেটের কোর্টের বিচার

ম্যাজিস্ট্রেটের কোর্টের একটা বিচারের শুনানীতে, ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের একজন আইনজীবি সরকারী পক্ষের প্রমাণগুলি দাখিল করবেন। তার পক্ষ হয়ে কথা বলার জন্য, প্রতিবাদীরও একজন আইনজীবি থাকবেন। আইনজীবিরা সাধারণতঃ হয় ব্যারিস্টার নয়ত সলিসিটার হন। ব্যারিস্টাররা আদালতে বক্তব্য পেশ করার ক্ষেত্রে বিশেষজ্ঞ। সলিসিটাররাও আদালতে বক্তব্য পেশ করতে পারেন, বিশেষ করে একটা ম্যাজিস্ট্রেটের কোর্টে।

সরকারী পক্ষের আইনজীবি, **সরকারী পক্ষের** মামলা সমর্থন করার জন্য সব প্রমাণ দাখিল করবেন। তিনি সাক্ষীদের বিবৃতি পড়ে শোনাতে পারেন এবং পুলিসের এ্যাক্সিডেন্ট ইন্‌ভেস্টিগেটার ও প্রত্যক্ষ সাক্ষীদের মত সাক্ষীদের সাক্ষ্য দেওয়ার জন্য ডাকতে পারেন। ছবি, ভিডিও এবং নকশা দেখানো হতে পারে। প্রতিবাদী পক্ষের আইনজীবি এই সাক্ষীদের জেরা করতে পারেন।

তারপরে, **প্রতিবাদী পক্ষের** আইনজীবি প্রতিবাদীর বক্তব্য পেশ করবেন। তিনিও হয়ত সাক্ষী ব্যবহার করবেন এবং প্রমাণ দেখাবেন। প্রতিবাদী পক্ষের সাক্ষীদের সরকারী পক্ষ জেরা করতে পারবে। প্রতিবাদী নিজে সাক্ষ্য না দেওয়াটা পছন্দ করে নিতে পারবেন।

প্রমাণগুলি দাখিল করা শেষ হয়ে যাওয়ার পর প্রতিবাদী পক্ষের আইনজীবি তাদের পক্ষের বক্তব্য সংক্ষেপে বুঝিয়ে বলবেন এবং ম্যাজিস্ট্রেটরা রায় সম্বন্ধে বিবেচনা করে দেখবেন। যদি অপরাধী বলে রায় দেওয়া হয়, তাহলে ম্যাজিস্ট্রেটরা শাস্তি কি হবে তা বলেন। কোন কোন সময়, শাস্তি দেওয়ার আগে ম্যাজিস্ট্রেটদের আরও তথ্য দরকার হয়, যেমন, প্রতিবাদীর আর্থিক পরিস্থিতি। এর মানে হতে পারে যে একটা ভবিষ্যতে আর একটা শুনানী না হওয়া পর্যন্ত শাস্তি দেওয়া স্থগিত রাখা হবে।

কোন কোন সময়, অন্য কাজে ব্যবহার করা হয় এরকম একটা ছোট বাড়িতে ম্যাজিস্ট্রেটের কোর্ট বসে, যেমন টাউন হল।

ক্রাউন কোর্টে কি হয়?

ক্রাউন কোর্টের মামলাগুলির সিদ্ধান্ত সাধারণতঃ **জাজ্ এবং জুরীরা** নিয়ে থাকেন। সেই জাজ্ এবং আইনজীবিরা উকিলের পোশাক এবং পরচুলা পরেন।

একজন প্রতিবাদী যদি নির্দোষী বলে আবেদন করেন, তাহলে সেই প্রতিবাদীর অপরাধ করেছেন না করেননি তা 12 জন জুরী বিচারের মাধ্যমে নির্ধারণ করেন। সমাজের মধ্য থেকে এই জুরীদের এলোপাথারিভাবে বেছে নেওয়া হয়েছে। কোন কোন সময়, একজন আইনজীবির অনুরোধের ফলে বিশেষ কয়েকজন জুরীকে বিচারের আগে বাদ দেওয়া হয় এবং তাদের বদলে অন্য লোককে জুরী হিসাবে নেওয়া হয়। একটা কন্‌ভিক্‌শন (আদালত কতৃক অপরাধী সাব্যস্ত করা) পেতে হলে, 12 জনের মধ্যে 10 জন জুরীর প্রতিবাদীকে অপরাধী সাব্যস্ত করতে হবে।

জাজ্, আইন সংক্রান্ত ব্যাপারে সিদ্ধান্তগুলি নেন এবং একজন প্রতিবাদী তার অপরাধ স্বীকার করলে অথবা বিচারের পরে তাকে অপরাধী সাব্যস্ত করা হলে, তার শাস্তি ঠিক করেন।

ক্রাউন কোর্টের শুনানী

একজন প্রতিবাদীকে অবশ্যই প্রথম একটা ম্যাজিস্ট্রেটের কোর্টে উপস্থিত হতে হবে, যেখানে চার্জটা পড়ে শোনানো হবে। কোন কোন ক্ষেত্রে, প্রথম উপস্থিতির পরে, একজন প্রতিবাদীকে হয়ত হাজতে রাখা হতে পারে।

তারপরে মামলা ক্রাউন কোর্টে যায়। প্রতিবাদীকে হাজতে রাখা হলে, ক্রাউন কোর্টের প্রথম শুনানী সাধারণতঃ

ম্যাজিস্ট্রেটের কোর্টের উপস্থিত হওয়ার সাত দিন পরে হয় এবং প্রতিবাদী জামিনে থাকলে, তা শুনানী হতে দুই মাস পর্যন্ত দেরী হতে পারে। ক্রাউন কোর্টের প্রথম শুনানীতে প্রতিবাদী হয় দোষী নয়ত নির্দোষী বলে আবেদন করতে পারেন। কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই, জাজ্ একটা দ্বিতীয় শুনানীর তারিখ দেবেন এবং সেই শুনানীর সময় এই আবেদনটি করা হয়। প্রতিবাদী যদি দোষী বলে আবেদন করেন, তাহলে জাজ্ শাস্তি দেবেন (এই পৃষ্ঠায় এর পরে দেখবেন)। এটা হয়ত পরে অন্য একদিন করা হতে পারে। তিনি যদি দোষী নয় বলে আবেদন করেন, তাহলে বিচারের জন্য তারিখ ঠিক করা হবে।

একটা বিচারের তারিখ বহু সপ্তাহ বা মাস পরে দেওয়া হতে পারে।

ক্রাউন কোর্টের বিচার

ক্রাউন কোর্টের একটা বিচারের শুনানীতে, ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের নির্দেশপ্রাপ্ত একজন ব্যারিস্টার সরকারী পক্ষের প্রমাণগুলি দাখিল করবেন। ব্যারিস্টাররা আদালতে বক্তব্য পেশ করার ক্ষেত্রে বিশেষজ্ঞ। তার পক্ষ হয়ে কথা বলার জন্য, প্রতিবাদীও সাধারণতঃ একজন আইনজীবিকে নিয়োগ করেন। সাধারণতঃ এই আইনজীবি একজন ব্যারিস্টার হয়ে থাকেন।

মামলায় নিজেদের পক্ষ সমর্থন করার উদ্দেশ্যে, আইনজীবিরা জাজ্ এবং জুরীর কাছে সব প্রমাণ দাখিল করবেন। আইনজীবিরা সাক্ষীদের বিবৃতি পড়ে শোনাতে পারেন এবং পুলিসের এ্যাক্সিডেন্ট ইন্‌ভেস্টিগেটার ও প্রত্যক্ষ সাক্ষীদের মত সাক্ষীদের হয়ত সাক্ষ্য দেওয়ার জন্য ডাকতে পারেন। ছবি, ভিডিও এবং নকশা জুরীদের দেখানো হতে পারে। আইনজীবিরা ও জাজ্ এই সাক্ষীদের জেরা করতে পারেন। প্রতিবাদী নিজে সাক্ষ্য না দেওয়াটা পছন্দ করে নিতে পারবেন। প্রমাণগুলি দাখিল করা শেষ হয়ে যাওয়ার পর আইনজীবিরা তাদের নিজেদের পক্ষের বক্তব্য সংক্ষেপে বুঝিয়ে বলবেন। রায় সম্বন্ধে বিবেচনা করার উদ্দেশ্যে জুরীরা আদালত ঘরের থেকে বেরিয়ে যান।

যদি দোষী বলে রায় দেওয়া হয়, তাহলে জাজ্ শাস্তির কথা বিবেচনা করবেন। জাজ্ হয়ত হালকা শাস্তি দেওয়ার জন্য প্রতিবাদীর আইনজীবির বক্তব্য শুনবেন। ব্যাপারটি বিবেচনা করার উদ্দেশ্যে জাজ্ হয়ত শাস্তি দিতে কিছুদিন দেরী করতে পারেন। তিনি হয়ত প্রোবেশন সার্ভিসকে অপরাধীর সম্বন্ধে একটা রিপোর্ট দাখিল করতে বলতে পারেন। তাছাড়াও, আপনি যদি লিখে থাকেন, তাহলে তিনি একটা ভিক্টিম পার্সোনাল স্টেটমেন্ট হিসাবের মধ্যে নেবেন।

ক্রাউন কোর্টের তারিখগুলির শেষ মুহূর্তে পরিবর্তন করা হতে পারে। বহুদিন ধরে, কোন কোন সময় বহু সপ্তাহ বিচার চলতে পারে। আপনি পুলিসকে তারিখগুলি আপনাকে জানাতে বলতে পারেন এবং একটা বিচার হবে বলে ঠিক হলে সেটা কতদিন চলতে পারে তা জিজ্ঞাসা করতে পারেন।

একটা মামলা চলার সময় আদালতে উপস্থিত থাকা

সব ফৌজদারী মামলাগুলির সময় সেই আদালত জনসাধারণের জন্য খোলা থাকে। আপনি যেতে চাইলে, নিচের জিনিষগুলি মনে থাকলে আপনার সুবিধা হতে পারে:

- আদালতের শুনানী শুরু হতে দেরী হতে পারে, সংক্ষিপ্ত করে দেওয়া হতে পারে, অথবা ভবিষ্যতের জন্য স্থগিত রাখা হতে পারে বা অন্য কোন ঘরে সরিয়ে নিয়ে যাওয়া হতে পারে।

- কোন কোন আদালত আধুনিক এবং তাদের ভাল সুবিধা থাকে। অন্যগুলিতে এসব কমই থাকে। টয়লেটগুলি কোথায়, খাওয়াদাওয়ার কি ব্যবস্থা আছে এবং শান্ত পরিবেশে বসে থাকার জন্য কোন ঘর আছে কিনা তা আগে থেকে জেনে রাখলে আপনার সুবিধা হবে।

- আপনি যদি আদালতের আশার (দ্বাররক্ষী) অথবা উইট্নেস সার্ভিসকে বলেন যে আপনি কে, তাহলে ঘর পরিবর্তন হলে তা তারা আপনাকে জানাতে পারবেন। উইট্নেস সার্ভিস সম্বন্ধে তথ্যের জন্য এই পৃষ্ঠায় নিচের দিকে দেখবেন।
- আপনি একটা আদালত ঘরের পাব্লিক গ্যালারীতে বসতে পারবেন। এই গ্যালারীর অন্যান্য যারা থাকবেন তারা হয়ত সাংবাদিক, জনসাধারণ অথবা প্রতিবাদীর বন্ধুবান্ধব হতে পারেন। আপনি যদি একজন সাক্ষী হন, তাহলে আপনার সাক্ষ্য দেওয়া না হওয়া পর্যন্ত, আপনি মামলাটি শুনতে পারবেন না।
- আদালতেই আপনি হয়ত প্রতিবাদীকে প্রথম ও শেষবারের মত দেখবেন। তিনি হয়ত আপনার সাথে একই সুবিধাগুলি ব্যবহার করতে পারেন।
- আদালতে যে প্রমাণগুলি দাখিল করা হয় তা জাজ্ ও জুরীদের সুবিধার জন্য। কোন কোন সময়, যে প্রমাণ নিয়ে আলোচনা করা হবে তা হয়ত আপনি নাও দেখতে পেতে পারেন (যেমন, নকশা বা ভিডিও)।
- আপনি একটা আদালতের শুনানীর সময় উপস্থিত থাকতে চাইলে, আপনার সাথে কেউ থাকলে হয়ত সাহায্য হবে। পুলিস সেখানে উপস্থিত থাকবে এবং কি হচ্ছে তা হয়ত আপনাকে বুঝিয়ে দিতে পারবে।

অপরাধের ফলে যারা ক্ষতিগ্রস্ত হন, ভিক্টিম সাপোর্ট নামের দাতব্য প্রতিষ্ঠানটি, তাদের সহায়তা করে। এরা আপনাকে আদালতের পদ্ধতি সম্বন্ধে তথ্য দিতে পারবে এবং বিচার চলার সময় আপনার সহায়তা করতে পারবে। বিস্তারিত তথ্যের জন্য, 020 7735 9166 নম্বরে টেলিফোন করে আপনার স্থানীয় উইট্নেস সার্ভিস সম্বন্ধে তথ্য চাইবেন অথবা www.victimsupport.org.uk ঠিকানায় দেখবেন।

আপীল

একটা ফৌজদারী মামলা শেষ হওয়ার পরে, একজন দোষী সাব্যস্ত হওয়া প্রতিবাদী তার কন্ভিক্শন অথবা শাস্তির বিরুদ্ধে আপীল করতে পারেন।

মামলাটির শুনানী যদি একটা ম্যাজিস্ট্রেটের কোর্টে হয়ে থাকে

ম্যাজিস্ট্রেটের কোর্টে একটা কন্ভিক্শন হওয়ার পরের একটা আপীল একজন জাজ্ এবং দু'জন ম্যাজিস্ট্রেট ক্রাউন কোর্টে শুনবেন। **প্রতিবাদী যদি দোষী বলে আবেদন করে থাকেন** এবং তিনি তার শাস্তির বিরুদ্ধে আপীল করেন, তাহলে ক্রাউন কোর্ট একটা অন্য শাস্তি (সেটা হয়ত বেশী বা কম হতে পারে) দিতে পারে। **প্রতিবাদীকে যদি বিচার করে দোষী সাব্যস্ত করা হয়ে থাকে** এবং তিনি তার অপরাধের যথার্থতাকে প্রশ্ন করেন, তাহলে প্রতিবাদী অপরাধী কিনা সে সিদ্ধান্ত নেওয়ার উদ্দেশ্যে, ক্রাউন কোর্ট হয়ত সেই মামলাটি আবার শুনতে চাইবে। ক্রাউন কোর্ট যদি প্রতিবাদী অপরাধী বলে সিদ্ধান্ত নেয়, তাহলে তার পরে তারা শাস্তি সম্বন্ধে সিদ্ধান্ত নেবে। দুই কোর্টে আপীল করারও একটা অধিকার রয়েছে, তবে, শুধুমাত্র আইনের কোন বিষয় নিয়ে প্রশ্ন থাকলে তবে এটা করা যাবে।

মামলাটির শুনানী যদি একটা ক্রাউন কোর্টে হয়ে থাকে

ক্রাউন কোর্টে একটা কন্ভিক্শন হওয়ার পরের একটা আপীল কোর্ট অফ্ এ্যাপীল-এ শোনা হয়। কোর্ট অফ্ এ্যাপীল শুনানী ছাড়াই একটা আপীল বাতিল করে দিতে পারে অথবা একটা শুনানী হওয়ার অনুমতি দিতে পারে। অনেক আপীল শুনানী ছাড়াই বাতিল করে দেওয়া হয়।

প্রতিবাদী যদি দোষী স্বীকার আবেদন করে থাকেন এবং তিনি তার শাস্তির বিরুদ্ধে আপীল করতে পারবেন। কোর্ট

এ্যাপীল-এর শাস্তির পরিমাণ কমিয়ে দেওয়ার ক্ষমতা রয়েছে। **প্রতিবাদীকে যদি বিচার করে দোষী সাব্যস্ত করা হয়ে থাকে,** তাহলে তিনি তার কন্ভিক্শনের বিরুদ্ধে আপীল করতে পারেন। কোর্ট অফ্ এ্যাপীল এই আপীল শুনতে রাজী নাও হতে পারে, ক্রাউন কোর্টে আবার বিচার করার আদেশ দিতে পারে, অথবা প্রতিবাদীকে বেকসুর খালাস করে দিতে পারে। সীমিত সংখ্যক ক্ষেত্রে, যদি আইন সংক্রান্ত কোন বিষয় জড়িত থাকে, তাহলে দোষী সাব্যস্ত হওয়া প্রতিবাদী, কোর্ট অফ্ এ্যাপীল-এর সিদ্ধান্তের বিরুদ্ধে হাউস অফ্ লর্ডস-এ আপীল করতে পারবেন।

সরকারী (প্রসিকিউশনের) পক্ষ থেকে আপীল করা

সাধারণভাবে, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস (CPS) দোষী নয় বলে রায় দেওয়া হলে তার বিরুদ্ধে অথবা অল্প শাস্তির বিরুদ্ধে আপীল করতে পারে না।

আইন সংক্রান্ত কোন বিষয়ের জন্য যদি প্রতিবাদীকে একটা ম্যাজিস্ট্রেটের কোর্টে দোষী নয় বলে রায় দেওয়া হয়, তাহলে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস সেই রায়ের বিরুদ্ধে হয়ত হাই কোর্টে আপীল করতে পারবে। ম্যাজিস্ট্রেটের কোর্টে দেওয়া শাস্তির বিরুদ্ধে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আপীল করতে পারবে না।

দোষী নয় বলে ক্রাউন কোর্টে রায় দেওয়া হলে তার বিরুদ্ধে আপীল করার ক্ষমতা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের নেই। তবে, যদি ক্রাউন কোর্টের কন্ভিক্শন কোর্ট অফ্ এ্যাপীল বাতিল করে দেয়, তাহলে তারা হয়ত হাউস অফ্ লর্ডস-এ আপীল করতে পারতে পারেন।

বিপজ্জনকভাবে গাড়ি চালিয়ে, মদ বা মাদক দ্রব্যের প্রভাবে থাকাকালীন মনযোগ না দিয়ে গাড়ি চালিয়ে মৃত্যু ঘটানো অথবা ম্যানস্লটারের জন্য ক্রাউন কোর্টে দেওয়া একটা শাস্তিকে যদি তিনি খুব বেশীরকম হালকা হয়েছে বলে মনে করেন, তাহলে সেই শাস্তির বিষয়টি কোর্ট অফ্ এ্যাপীল-এ পাঠানোর জন্য, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস **এ্যাটর্নী জেনারেলকে** অনুরোধ করতে পারে।

সব আপীলগুলি 28 দিনের মধ্যে এবং কোন কোন সময় তারও আগে করতে হবে। ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের যে কর্মচারীর ওপর আপনার মামলার দায়িত্ব রয়েছে, তাকে আপনি জিজ্ঞাসা করতে পারেন যে প্রতিবাদীর বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের পক্ষ থেকে কোন আপীল করা হয়েছে কিনা এবং একটা আপীল কিরকমভাবে এগোচ্ছে।

ফৌজদারী অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থা (ক্রিমিনাল জাস্টিস সিস্টেম) সম্বন্ধে আপনার যদি উদ্বেগ থাকে

ফৌজদারী অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থা সম্বন্ধে দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলির কাছে কিভাবে অভিযোগ জানাতে হয় অথবা কোন প্রস্তাব করতে হয়, তা এর পরে বুঝিয়ে বলা হয়েছে।

পুলিস

আপনার মন্তব্যগুলি যদি পুলিসের সম্বন্ধে হয়, তাহলে আপনি চীফ কনস্টেবলকে চিঠি লিখতে পারেন। আপনি কোন সন্তোষজনক উত্তর না পেলে, আপনি 90, High Holborn, London WC1V 6BH ঠিকানায় **ইন্ডিপেন্ডেন্ট পুলিস কম্প্লেইন্টস কমিশনের (IPCC - Independent Police Complaints Commission)** সাথে যোগাযোগ করতে পারেন। টেলিফোন 0845 300 2002। ইমেইল enquiries@ipcc.gsi.gov.uk। ওয়েবসাইট www.ipcc.gov.uk

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস সম্বন্ধে আপনার যদি কোন মন্তব্য করার থাকে, তাহলে আপনি সেই এলাকার **চীফ ক্রাউন প্রসিকিউটারকে** চিঠি লিখতে পারেন। www.cps.gov.uk ঠিকানায় গিয়ে 'your local cps'-এ (ইওর লোকাল সিপিএস্) ক্লিক করে আপনি এর সম্বন্ধে তথ্য পাবেন। আপনি কোন সন্তোষজনক উত্তর না পেলে, আপনি 50 Ludgate Hill, London EC4M 7EX ঠিকানায় **দা ডাইরেক্টর অফ পাব্লিক প্রসিকিউশনস্-এর (The Director of Public Prosecutions)** সাথে যোগাযোগ করতে পারেন। সরকারের আইন সংক্রান্ত প্রধান উপদেষ্টা, **এ্যাটর্নী জেনারেলের (Attorney General)** মাধ্যমে, ক্রাউন প্রসিকিউশন সার্ভিসকে পার্লামেন্টের (লোকসভার) কাছে জবাবদিহি করতে হয়। 9, Buckingham Gate, London SW1E 6JP ঠিকানায় আপনি এ্যাটর্নী জেনারেলকে চিঠি লিখতে পারেন।

আদালত

আপনার মন্তব্যগুলি যদি **ক্রাউন কোর্ট** সম্বন্ধে হয়, তাহলে আপনি **চীফ ক্লার্ক অফ দা কোর্টকে** চিঠি লিখতে পারেন। আপনি কোন সন্তোষজনক উত্তর না পেলে, আপনি Customer Service Unit, 5th Floor, Clive House, Petty France, London SW1H 9HD ঠিকানায় **হার ম্যাজেস্টীজ্ কোর্টস সার্ভিস হেডকোয়ার্টারস-এ (Her Majesty's Courts Service HQ)** সাথে যোগাযোগ করতে পারেন। টেলিফোন 020 7189 2000। ইমেইল customerservicehq@hmcourts-service.gsi.gov.uk
আপনার মন্তব্যগুলি যদি একজন জাজ্ সম্বন্ধে হয়, তাহলে আপনি House of Lords, London SW1A 0PW ঠিকানায় **লর্ড চ্যান্সেলারকে** চিঠি লিখতে পারেন।

ডিপার্টমেন্ট ফর কন্স্টিটিউশনাল এ্যাফেয়ারস

ফৌজদারী অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থা সম্বন্ধে আপনার যদি কোন মন্তব্য করার থাকে, তাহলে আপনি **ডিপার্টমেন্ট অফ কন্স্টিটিউশনাল এ্যাফেরাস্কেও** চিঠি লিখতে পারেন। এই ডিপার্টমেন্টটির (বিভাগটি) ওপর আদালতগুলি চালানো এবং বিচার ব্যবস্থার উন্নতি করার দায়িত্ব রয়েছে। আপনি Selborne House, 54 Victoria Street, London SW1E 6QW ঠিকানায় **মিনিস্টার অফ স্টেট ফর কন্স্টিটিউশনাল এ্যাফেয়ারসকে** চিঠি লিখতে পারেন। টেলিফোন 020 7210 8614। ইমেইল general.queries@dca.gsi.gov.uk।
ওয়েবসাইট www,dca.gov.uk

আপনার মন্তব্যগুলি যদি **ম্যাজিস্ট্রেটের কোর্ট** সম্বন্ধে হয়, তাহলে আপনি **ক্লার্ক টু দা জাস্টিসেজ্-এর কাছে** অভিযোগ করতে পারেন। আপনি কোন সন্তোষজনক উত্তর না পেলে, আপনি **জাস্টিসেজ্ চীফ এক্সেকিউটিভ অফ দা ম্যাজিস্ট্রেটস্ কোর্ট কমিটিকে (Justices Chief Executive of the Magistrates' Court Committee)** চিঠি লিখতে পারেন।

একটা সিদ্ধান্ত সম্বন্ধে আপত্তি জানানো

অল্প সংখ্যক মৃত্যুশোকপ্রাপ্ত পরিবার, আরও গুরুতর চার্জ না আনার জন্য ক্রাউন প্রসিকিউশন সার্ভিস-এর বিরুদ্ধে হাই কোর্টে আপত্তি জানিয়েছেন। এই আপত্তিগুলি, **জুডিশিয়াল রিভিউ** নামের একটি পদ্ধতি ব্যবহার করেছে। ক্রাউন প্রসিকিউশন সার্ভিসকে একটা কোন ব্যাপার আবার বিবেচনা করে দেখতে বলার অধিকার হাই কোর্টের আছে। আপনি লীগাল এইড পাওয়ার যোগ্য না হলে, এই পদ্ধতিতে অনেক খরচ হতে পারে।

প্রাইভেট প্রসিকিউশন (বেসরকারীভাবে একটা ফৌজদারী মামলা করা)

একটা ফৌজদারী অপরাধের জন্য যে কোন লোকই অন্য একজনের বিরুদ্ধে ফৌজদারী মামলা করতে পারেন। এটাকে বলা হয় প্রাইভেট প্রসিকিউশন। এই পদ্ধতিতে অনেক খরচ হয় এবং এর জন্য আপনি লীগাল এইড দাবি করতে পারবেন না।

পরিবর্তনের জন্য ব্যাপকভাবে প্রচার করা

আপনি যদি মনে করেন যে অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থার উন্নতি করা সম্ভব, তাহলে এর জন্য ও অন্যান্য বিষয়ে ব্যাপকভাবে প্রচার চালায় এরকম একটি প্রতিষ্ঠানে আপনি হয়ত যোগ দিতে চাইতে পারেন (37-39 পৃষ্ঠা দেখবেন)।

হোম অফিস ভিক্টিমস চার্টার (ক্ষতিগ্রস্তদের সনদ) প্রকাশ করে। অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থার থেকে আপনি কি আশা করতে পারেন তা এতে বুঝিয়ে বলা হয়েছে।বিনাপয়সায় এর একটি কপির জন্য আপনি 020 7035 8429 নম্বরে টেলিফোন করতে পারেন অথবা www.homeoffice.gov.uk ঠিকানা থেকে ডাউনলোড করতে পারেন।

তৃতীয় অংশ

পৃষ্ঠা **টাকা দাবি করা ?**

পৃষ্ঠা	
29	**আপনার ক্ষতির জন্য টাকা দাবি করা**
30	**ফেটাল মোটর ক্লেইম (গাড়ি সংক্রান্ত মৃত্যুর জন্য দাবি) সম্বন্ধে একজন সলিসিটারের সাথে পরামর্শ করা**
31	**ফেটাল মোটর ক্লেইম সলিসিটার (গাড়ি সংক্রান্ত মৃত্যুর জন্য দাবি করার সলিসিটার)**
31	**বিভিন্ন ধরনের ফেটাল মোটর ক্লেইম**
33	**ফেটাল মোটর ক্লেইম পাওয়ার চেষ্টা চালিয়ে যাওয়া**
34	**আপনার সলিসিটারের সাথে কথা বলা**
35	**আপনার সলিসিটারের খরচ দেওয়া**
35	**অগ্রিম টাকা দেওয়া**
36	**কন্ডিশনাল ফী এগ্রিমেন্ট (শর্তসাপেক্ষ ফীর চুক্তি) অনুসারে টাকা দেওয়া (CFA)**
36	**কন্‌টিন্‌জেন্সী ফী**

আপনার ক্ষতির জন্য টাকা দাবি করা

রাস্তাঘাটে একটি মৃত্যুর জন্য যিনি দায়ী, কোন কোন ক্ষেত্রে, তার থেকে টাকা দাবি করা যাবে।

এটাকে বলা হয় **ফেটাল মোটর ক্লেইম** এবং এর জন্য **দেওয়ানী আইন** (সিভিল ল) ব্যবহার করা হয়। যিনি দাবিদার, তিনি এই টাকার দাবিটা করেন।

ফেটাল মোটর ক্লেইমে সফল হতে হলে, একটা মৃত্যুর জন্য কাউকে দায়ী সাব্যস্ত করা (**লায়াবেল্**) হয়ে থাকতে হবে এবং সেই দায়ী লোকটির ইন্সিওরেন্স (বীমা) কম্পানীকে কিছু পরিমাণ টাকা (**এ্যাওয়ার্ড**) দিতে রাজী হতে হবে। দরকাষাকষি করার পরে অথবা আদালতের একটা আদেশের পরে এই এ্যাওয়ার্ড দেওয়া হয়।

কোন কোন ক্ষেত্রে, একজন লোককে চার্জ করা না হলে অথবা ফৌজদারী অপরাধে দোষী নয় বলে রায় দেওয়া হলেও, দেওয়ানী আইন অনুসারে তাকে দায়ী বলে প্রমাণ করা সম্ভব হতে পারে।

দায়ী লোকটির মোটর ইন্সিওরেন্স কম্পানী সাধারণতঃ এ্যাওয়ার্ডগুলি দিয়ে থাকে। দায়ী লোকটির যদি কোন বীমা না থাকে অথবা তাকে খুঁজে না পাওয়া যায়, তাহলে সাধারণতঃ এই এ্যাওয়ার্ডটি **মোটর ইন্সিওরারস ব্যুরো (MIB)** নামে একটি প্রতিষ্ঠান থেকে দেওয়া হয়।

এক একটি ঘটনার ক্ষেত্রে টাকার পরিমাণ এক একরকম হয়।

আপনি দাবি করতে পারবেন কিনা, আপনি কি দাবি করতে পারবেন এবং দাবি করার পদ্ধতিটা এই অংশে বুঝিয়ে বলা হয়েছে।

ফেটাল মোটর ক্লেইম (গাড়ি সংক্রান্ত মৃত্যুর জন্য দাবি) সম্বন্ধে একজন সলিসিটারের সাথে পরামর্শ করা

আপনার ক্ষতির জন্য আপনি কোন টাকা দাবি করার চেষ্টা করতে পারবেন কিনা তা জানার উদ্দেশ্যে, আপনাকে একজন সলিসিটারের সাথে পরামর্শ করার উপদেশ দেওয়া হচ্ছে।

শুধুমাত্র কিছু নির্দ্দিষ্ট শ্রেণীর লোক, কিছু নির্দিষ্ট ক্ষেত্রে, এবং কিছু নির্দিষ্ট জিনিষের জন্য এই দাবি করা যায়। যদিও অনেকেই দাবি করতে পারবেন, অন্য কিছু মৃত্যুশোকপ্রাপ্ত লোক তা করার জন্য যোগ্য হবেন না।

ফেটাল মোটর ক্লেইম সম্বন্ধে বিশেষজ্ঞ একজন সলিসিটারের সাথে পরামর্শ করাটা অত্যাবশ্যক। আপনি কোন দাবি করার কথা বিবেচনা করে দেখা উচিত কিনা তা নির্ধারণ করার উদ্দেশ্যে, বেশীরভাগ বিশেষজ্ঞ সলিসিটারই বিনাপয়সায় আপনার সাথে আপনার বিষয়টি নিয়ে আলোচনা করবেন।

যেসব প্রতিষ্ঠান আপনাকে বিশেষজ্ঞ সলিসিটারদের সম্বন্ধে তথ্য দিতে পারবে, তাদের নামের একটা তালিকা এর পরের পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

যদি মনে হয় যে আপনার ভালরকম কারণ আছে, তাহলে আপনার পক্ষ হয়ে এই দাবির টাকা পাওয়া চেষ্টা চালিয়ে যাওয়ার জন্য একজন বিশেষজ্ঞ সলিসিটারকে আপনার নিয়োগ দেওয়া উচিত। সফল হওয়ার বেশীরকম সম্ভাবনা রয়েছে এরকম একটা ব্যাপারের জন্য দাবির টাকা পাওয়ার চেষ্টা চালিয়ে যাওয়া এবং আপনি যাতে যতটা সম্ভব ততটা বেশী টাকা পান তা নিশ্চিত করা হচ্ছে এই সলিসিটারের কাজ। একজন সলিসিটারকে ব্যবহার করা খুব খরচসাধ্য নাও হতে পারে। কি করে একজন সলিসিটারের খরচ দেওয়া যায় সে বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য 35 থেকে 36 পৃষ্ঠা দেখবেন।

তাছাড়াও, যার মৃত্যু হয়েছে তার, দাবি করার মত কোন লাইফ ইন্সিওরেন্স পলিসি (জীবনবীমা) অথবা পেন্শন (অবসরভাতা) ছিল কিনা তা খোঁজ নিয়ে দেখা গুরুত্বপূর্ণ।

যদি মনে হয় যে আপনাদের সফল হওয়ার ভালরকম সম্ভাবনা আছে, তাহলে যত তাড়াতাড়ি একজন বিশেষজ্ঞ সলিসিটারকে নিয়োগ করবেন ততই ভাল। ফেটাল মোটর ক্লেইমগুলির নিষ্পত্তি হতে অনেকদিন সময় লাগে। কোন কোন ক্ষেত্রে অনেক বছর লেগে যায়।

ফেটাল মোটর ক্লেইম সলিসিটার

ফেটাল মোটর ক্লেইম সম্বন্ধে বিশেষ দক্ষতা রয়েছে এরকম একজন সলিসিটারের সাথে দু'টি প্রতিষ্ঠান আপনার যোগাযোগ করিয়ে দিতে পারবে:

দা মোটর এ্যাক্সিডেন্ট সলিসিটারস সোসাইটি
(MASS - The Motor Accident Solicitors' Society)
টেলিফোন: 0117 929 2560
ইমেইল: office@mass.org.uk www.mass.org.uk
মোটর এ্যাক্সিডেন্ট সলিসিটারস সোসাইটি হচ্ছে একটি দেশজোড়া প্রতিষ্ঠান, যারা, গাড়ি সংক্রান্ত মৃত্যু ও আঘাতের জন্য করা দাবির ব্যাপারে বিশেষ দক্ষতাসম্পন্ন সলিসিটারদের প্রতিনিধিত্ব করে।

দা এ্যাসোসিয়েশন অফ পার্সোনাল ইন্‌জুরী লইয়ারস
(APIL - The Association of personal Injury Lawyers)
টেলিফোন: 0115 958 0585 www.apil.com
যেসব আইনজীবি একটা মৃত্যু ঘটা বা আঘাত পাওয়ার পরে টাকা দাবি করার বিষয়ে বিশেষ দক্ষতাসম্পন্ন এ্যাসোসিয়েশন অফ পার্সোনাল ইন্‌জুরী লইয়ারস, সেইসব সলিসিটারদের প্রতিনিধিত্ব করে।

নিচের প্রতিষ্ঠানটির কাছ থেকেও বিশেষজ্ঞ সলিসিটারদের তালিকাপাওয়া যায়:

এ্যাক্সিডেন্ট লাইন (ল সোসাইটির হয়ে পরিচালনা করা হয়) (Accident Line)
টেলিফোন: 0500 192939
ইমেইল: info@accidentlinedirect.co.uk www.accidentlinedirect.co.uk

একটা মৃত্যু ঘটা বা আঘাত পাওয়ার পরের দাবি সম্বন্ধে যেসব সলিসিটারের বিশেষ দক্ষতা রয়েছে, সবসময় তাদের ফেটাল মোটর ক্লেইমের ব্যাপারে বিশেষ দক্ষতা নাও থাকতে পারে। ফেটাল মোটর ক্লেইমের ব্যাপারে আপনার সলিসিটারের দক্ষতা আছে কিনা তা খোঁজ নিয়ে দেখা গুরুত্বপূর্ণ।

আপনি হয়ত দেখবেন যে আপনার সবচেয়ে কাছের বিশেষজ্ঞ সলিসিটার আপনার বাড়ির থেকে বেশ কিছুটা দূরে। তবে, আপনি টেলিফোনে, ডাকযোগে, ইমেইল করে, এবং আপনার যদি থাকে, তাহলে ফ্যাক্সের মাধমে অনেক কিছুই করতে পারবেন। কোন কোন সলিসিটার আপনার বাড়িতে এসে দেখা করতে পারবেন।

বিভিন্ন ধরনের ফেটাল মোটর ক্লেইম

পাঁচ ধরনের ফেটাল মোটর ক্লেইম নিচের তালিকায় দেওয়া হয়েছে। এর যে কোন একটা বা সবগুলিই দাবি করতে বলতে পারেন অথবা কোনটাই দাবি না করতে বলতে পারেন। কে দায়ী সেটা নির্ধারণ করার ওপরে সব দাবিগুলিই নির্ভর করে।

1. ডিপেন্‌ডেন্সী ক্লেইম (নির্ভরশীলতার জন্য দাবি)

যার মৃত্যু হয়েছে তার ওপর যারা আর্থিক দিক থেকে নির্ভরশীল ছিলেন, কোন কোন পরিস্থিতিতে, তারা সেই সাহায্যের থেকে বঞ্চিত হওয়ার জন্য দাবি করতে পারেন। এটাকে ডিপেন্‌ডেন্সী ক্লেইম বলা হয়।

কতটা দাবি করা যাবে তার কোন পরিমাণ ঠিক করা নেই। যার মৃত্যু হয়েছে তিনি কতটা সাহায্য করতেন তার ওপর এটা নির্ভর করবে।

অনেক সময়ই, একটা ডিপেন্‌ডেন্সী ক্লেইমের মধ্যে আয় কমে যাওয়ার ব্যাপারটি থাকে। মৃত ব্যক্তি কত আয় করতেন, তার মৃত্যু না হলে কতদিন পর্যন্ত কতদিন তিনি আয় করতে পারতেন এবং অন্যান্য বিষয় অনুযায়ী এটা হিসাব করা হয়।

মৃত ব্যক্তি যা করতেন, যেমন বাচ্চাদের দেখাশোনা, ডিআইওয়াই, অথবা বাড়িঘরের অন্যান্য কাজের মত পরিষেবা (সার্ভিস) থেকে বঞ্চিত হওয়া হয়ত একটা ডিপেন্‌ডেন্সী ক্লেইমের মধ্যে থাকতে পারে।

আপনি যদি নিজের জন্য এই দাবি করেন, অথবা একটি শিশুর মত অন্য একজনের হয়ে এটা করেন, তাহলে এই সব ক্ষতিগুলি বিবেচনা করে দেখতে এবং সব মিলিয়ে কতটা দাবি করতে হবে সে বিষয়ে আপনার সলিসিটার আপনাকে সাহায্য করবেন। ডিপেন্‌ডেন্সী ক্লেইম প্রমাণ করার জন্য, চাকরী সংক্রান্ত কাগজপত্র এবং ঘরসংসারের বিলগুলি প্রমাণ হিসাবে দরকার হবে।

2. মৃত্যুশোকের জন্য ক্ষতিপূরণ

মৃত্যুশোকের জন্য £10,000 দেওয়া হতে পারে। এই টাকাটা শুধুমাত্র একজন লোককে একবরই মাত্র দেওয়া যেতে পারে। আপনি, অথবা অন্য কেউ, এই দাবি করার যোগ্য বা অযোগ্য হতে পারেন। আপনার সলিসিটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

3. মৃত্যুশোকগ্রস্ত লোকদের পাওয়া মানসিক আঘাত

আপনি যে মানসিক আঘাত পেয়েছেন তার জন্য আপনি হয়ত টাকা দাবি করতে পারবেন। কারা এই দাবিটা করতে পারবেন তার জন্য নিয়মকানুন রয়েছে। আপনি অত্যন্ত শোক পেলেও, এই নির্দিষ্ট শর্তাবলী না সন্তুষ্ট করতে পারলে আপনি দাবি করতে পারবেন না।

4. যার মৃত্যু হয়েছে তার পাওয়া যন্ত্রণা

কিছুদিন কষ্ট পাওয়ার পরে যদি কারুর মৃত্যু হয়, তাহলে সেই কষ্টের জন্য হয়ত টাকা দাবি করা সম্ভব হবে। কত টাকা দাবি করা যাবে তা নির্ভর করবে কতদিন সেই লোকটি কষ্ট ভোগ করেছেন এবং কতটা যন্ত্রণাভোগ করেছেন। এই দাবিটা মৃত ব্যক্তির এস্টেটের পক্ষ থেকে করতে হবে। (9 নম্বর পৃষ্ঠা দেখবেন)

5. শেষকৃত্যের খরচ

শেষকৃত্যের খরচ, অথবা সেই খরচের বেশীরভাগটাই দায়ী পক্ষের থেকে দাবি করা যাবে।

আপনি অথবা আপনার ঘনিষ্ঠ কেউ যদি এই সঙ্ঘর্ষে আহত হয়ে থাকেন, তাহলে সেই আঘাত ও ক্ষতির জন্য দাবি করা সম্ভব হতে পারে। আপনার সলিসিটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

একটা ফেটাল মোটর ক্লেইম পাওয়ার চেষ্টা চালিয়ে যাওয়া

আপনি এবং আপনার সলিসিটারকে আবশ্যই ঠিক করতে হবে যে আপনার দাবি করা উচিত কিনা, কি দাবি পেশ করতে হবে এবং কি পরিমাণ দাবি করতে হবে। আপনার দাবি সমর্থন করার জন্য আপনাকে প্রমাণ সংগ্রহ করতে হবে।

বেশীরভাগ ক্ষেত্রে, একটা মৃত্যুর তিন বছরের মধ্যে আপনার সলিসিটারকে একটা ফেটাল মোটর ক্লেইম করতে হবে। বেশীরভাগ দাবিগুলিই এর অনেক আগেই করা হয় যাতে কোন টাকা দেওয়া হলে, তা যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি পাওয়া নিশ্চিত করা যায়।

আপনার দাবি সম্বন্ধে দরকষাকষি করা

আপনার কেসটা তৈরী হয়ে যাওয়ার পর, যার থেকে আপনি এই দাবিটা করছেন (**অপর পক্ষ**), তার ইন্‌সিওরারকে (বীমার কম্পানীকে) আপনার সলিসিটার জিজ্ঞাসা করবেন যে তারা আপনাকে টাকা দিতে রাজী আছে কিনা।

অপর পক্ষ যদি দায় স্বীকার করে, এবং আপনাকে টাকা দিতে রাজী থাকে, তাহলে তারা হয়ত আপনাকে একটা বা কয়েকবার বিভিন্ন পরিমাণ টাকা দিতে চাইবে এবং এই পরিমাণগুলি, আপনার যা পাওয়া উচিত বলে আপনার সলিসিটার মনে করেন, তার থেকে কম।

আপনি যদি নির্ভরশীলতার জন্য টাকা আদায় করার চেষ্টা করেন, তাহলে আপনার দাবির পরিমাণ অতিরিক্ত বেশী বলে তর্ক করার উদ্দেশ্যে, অপর পক্ষ মৃত ব্যক্তির চিকিৎসা ও চাকরী সংক্রান্ত লিখিত তথ্য হয়ত ব্যবহার করার চেষ্টা করতে পারে।

যেসব দাবির জন্য দায়িত্ব স্বীকার করে নেওয়া হয়, তার বেশীরভাগ ক্ষেত্রেই, আদালতে যাওয়ার বদলে, দরকষাকষির মাধ্যমে টাকা দেওয়া হয়। আপনাকে যা দিতে চাওয়া হবে সেটা আপনি নিতে পারেন বা নাও নিতে পারেন। যা দিতে চাওয়া হচ্ছে তা সঙ্গত পরিমাণ কিনা তা আপনার সলিসিটার আপনাকে বলতে পারবে।

মামলা শুরু করা

আপনাকে যদি তাড়াতাড়ি দরকষাকষির মাধ্যমে একটা গ্রহণযোগ্য পরিমাণ দিতে চাওয়া অথবা দায়িত্ব স্বীকার করা না হয়, তাহলে আপনার সলিসিটার হয়ত **অপর পক্ষের বিরুদ্ধে মামলা শুরু করবেন**।

দাবি সংক্রান্ত বেশীরভাগ মামলাই কাউন্টি কোর্টে করা হয়। তা নাহলে একটা হাই কোর্টে মামলা করা হতে পারে।

একটা ক্লেইম ফর্ম দেওয়ার মানে এই নয় যে আপনার মামলাটি আদালতের সামনে যাবেই। অপর পক্ষের সাথে এটার নিষ্পত্তি করার জন্য আপনার সলিসিটার দরকষাকষির চেষ্টা চালিয়ে যাবেন।

কোন কোন ক্ষেত্রে, সর্বশেষ পাওনাটা দেওয়া আগে, একটা **মধ্যবর্তী** (ইন্টারিম) পরিমাণ দেওয়া হয়।

আপনার ক্ষেত্রে যদি দরকষাকষি করে যদি কোন পরিমাণ সম্বন্ধে একমত না হওয়া যায়, তাহলে আদালতের একজন জাজ্ সেটা ঠিক করে দেবেন। সেখানে কোন জুরী থাকবে না। অপর পক্ষ দায়ী কিনা এবং তা যদি হয়, তাহলে আপনি কত টাকা পাবেন তা জাজ্ ঠিক করে দেবেন।

আদালতের বাইরে দরকষাকষি করে একটা পরিমাণ সম্বন্ধে একমত হওয়া যে অপেক্ষাকৃত ভাল তার অনেকগুলি কারণ আছে। জাজ্ কি সিদ্ধান্ত নেবেন তা আপনি আগে থেকে জানতে পারবেন না এবং আদালতে আপনার মামলার শুনানী হতে অনেক সময় লাগতে পারে।

কোন কোন সময়, আদালতে শুনানী হওয়ার ঠিক আগের মুহূর্তে অপর পক্ষ একটা গ্রহণযোগ্য পরিমাণ টাকা দিতে চাইবে।

পার্ট 36 অফার

যে কোন পর্যায়েই, অপর পক্ষ আপনাকে সম্পূর্ণ ও সর্বশেষ নিষ্পত্তি হিসাবে একটা পরিমাণ টাকা দিতে চাইতে পারে। এটাকে একটা **'পার্ট 36'** অফার বলা হয়।

যদি আদালতের পদ্ধতি ইতিমধ্যেই শুরু হয়ে গিয়ে তাকে, তাহলে এটাকে **'পার্ট 36 পেমেন্ট ইনটু কোর্ট'** বলা হয়।

এই পরিমাণটি গ্রহণ করতে সম্মত বা অসম্মত হওয়ার জন্য আপনি ও আপনার সলিসিটার 21 দিন সময় পাবেন।

আপনি যদি একটা পার্ট 36 অফার নিতে রাজী না হন, এবং দরকষাকষি করে বা আদালতের মাধ্যমে শেষ পর্যন্ত আপনার যা প্রাপ্য হবে তা যদি এর চাইতে কম হয়, তাহলে সেই অফারের তারিখ থেকে আপনাকে হয়ত অপর পক্ষের আইন সংক্রান্ত খরচগুলি দিতে হতে পারে এবং সেই অফারের তারিখ থেকে আপনি হয়ত আপনার নিজস্ব আইন সংক্রান্ত খরচের জন্য দাবি করতে পারবেন না।

কি পরিমাণ টাকা পেলে আপনি গ্রহণ করতে রাজী হবেন তা বলে আপনিও অপর পক্ষকে একটা পার্ট 36 অফার করতে পারবেন।

পার্ট 36 অফারগুলি আপনাকে ও আপনার সলিসিটারকে ভাল করে বিবেচনা করে দেখতে হবে।

বাচ্চাদের জন্য টাকা দেওয়া

বাচ্চাদের পক্ষ হয়ে আনা মামলাগুলির সম্বন্ধে আদালতে একজন জাজ্ সিদ্ধান্ত নেন। বেশীরভাগ ক্ষেত্রেই, বাচ্চাদের যে টাকা দেওয়া হয়, তা একটা বিশেষ এ্যাকাউন্টে রেখে, সেই বাচ্চাটির 18 বছর বয়স না হওয়া পর্যন্ত, আদালত সেটা নিয়ন্ত্রণ করে।

আপনার ক্ষতির মূল্য নিয়ে আইনজীবি ও ইন্সিওরেন্স কম্পানী দরকষাকষি করছে জানলে কষ্ট হতে পারে, বিশেষ করে আপনার ব্যাপারটির নিষ্পত্তি হতে যদি অনেকদিন সময় লাগে। আপনার ব্যাপারটি কিরকম ভাবে এগোচ্ছে তা আপনাকে নিয়মিতভাবে জানানোর জন্য আপনার আইনজীবিকে বললে হয়ত সাহায্য হতে পারে।

আপনার সলিসিটারের সাথে কথা বলা

আপনার কোন প্রশ্ন থাকলে অথবা আপনি কোন প্রস্তাব করতে চাইলে, যে কোন পর্যায়েই আপনি আপনার সলিসিটারের সাথে কথা বলতে পারেন। কি ঘটছে তা আপনার সলিসিটারের সহজ ভাষায় বুঝিয়ে বলতে পারা উচিত।

আপনার দাবির ব্যাপারে কি হচ্ছে তা যাতে আপনার জানা থাকে, সেইজন্য আপনার সলিসিটারের সাথে কি কথাবার্তা হচ্ছে তা লিখে রাখা এবং চিঠিপত্রের কপি রাখাটা বুদ্ধিমানের কাজ।

আপনার কেস নিয়ে কে কাজ করছেন তা জেনে রাখা নিশ্চিত করবেন। কোন কোন সময়, একটি সলিসিটারের অফিসে কয়েকজন লোক হয়ত আপনার ব্যাপারে কাজ করবে। এই বইটার দ্বিতীয় পৃষ্ঠায় আপনি আপনার সলিসিটারের নাম ও নম্বর লিখে রাখতে পারবেন।

যদি কোন পর্যায়ে, আপনার সলিসিটারের থেকে আপনি যে পরিষেবা পাচ্ছেন সে বিষয়ে আপনি সন্তুষ্ট না হন, তাহলে সেই প্র্যাক্টিসে যিনি ক্রেতাদের অভিযোগের ব্যাপারে সাহায্য করেন, আপনি সেই পার্টনারের সাথে কথা বলতে চাইতে পারেন।

আপনি যদি তবুও সন্তুষ্ট না হন, তাহলে হয়ত সলিসিটার বদল করা সম্ভব হবে। এর বদলে কি করতে পারেন সে বিষয়ে, 31 পৃষ্ঠায় দেওয়া প্রতিষ্ঠানগুলি আপনাকে উপদেশ দিতে পারবে।

আপনার সলিসিটারের উচিত আপনার দাবি যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি এগিয়ে নিয়ে যাওয়া। কিন্তু এটার নিষ্পত্তি হতে বেশ কয়েক মাস এবং কোন কোন ক্ষেত্রে কয়েক বছর সময় লাগতে পারে। দেরী হওয়ার জন্য তৈরী থাকা ভাল। যেসব ক্ষেত্রে দায়ী বলে স্বীকার করা হয়নি, সেসব ক্ষেত্রে নিষ্পত্তি হতে আরও বেশীদিন সময় লাগে।

আপনার সলিসিটারের খরচ দেওয়া

তার মতে যে দাবিগুলি সফল হওয়ার সম্ভাবনা রয়েছে, একজন বিশেষজ্ঞ সলিসিটার একমাত্র সেই দাবিগুলির জন্যই চেষ্টা করবেন। আপনাকে যদি টাকা দেওয়া হয়, তাহলে সাধারণতঃ আপনার আইন সংক্রান্ত খরচের বেশীরভাগটাই, হয়ত পুরোটাই, অপর পক্ষকে দিতে হয়।

মেডিকাল রিপোর্ট, ব্যারিস্টারের ফীর মত ব্যাপারে আপনার সলিসিটার যা খরচ করেছেন, যেটাকে অনেক সময়ই 'ডিসবারস্মেন্ট' বলা হয়, তা সঙ্গত পরিমাণের হলে, সেটাও সাধারণতঃ অপর পক্ষকে দিতে হয়। কোন কোন ক্ষেত্রে অপর পক্ষকে এই অতিরিক্ত খরচগুলি হয়ত দিতে হবে না। আপনার সলিসিটার আপনাকে বলতে পারবেন।

আপনার দাবি সফল না হলে, আপনাকে হয়ত আপনার নিজের আইন সংক্রান্ত খরচ ও ডিসবারস্মেন্ট এবং অপর পক্ষের এই খরচগুলিও দিতে হতে পারে।

আপনার মামলা সফল হোক বা নাই হোক, আপনার আইন সংক্রান্ত খরচগুলি দেওয়ার বিভিন্ন রকমের উপায় আছে যেগুলিতে আপনার ব্যক্তিগতভাবে অনেক টাকা খরচ করার সামর্থ্য থাকার দরকার নেই। এর পরের চার পৃষ্ঠায় বিভিন্ন ধরনের খরচ দেওয়ার ব্যবস্থা সম্বন্ধে বুঝিয়ে বলা হয়েছে।

অগ্রিম টাকা দেওয়া

কিছু লোক তাদের সলিসিটারকে কাজ করার সাথে সাথেই টাকা দিতে পারেন। আপনি হয়ত এটা করতে পারবেন যদি:

- সলিসিটারকে টাকা দেওয়ার মত সামর্থ্য আপনার থাকে।
- আইন সংক্রান্ত খরচের জন্য আপনার বীমা থাকে। আপনার গাড়ি ও বাড়ির ইন্সিওরেন্স পলিসিগুলি এবং ট্রেড ইউনিয়নের মত প্রতিষ্ঠানের সদস্যপদের কাগজপত্রগুলি পরীক্ষা করে দেখা ভাল। এই ব্যাপারে আপনার সলিসিটার হয়ত আপনাকে উপদেশ দিতে পারবেন।

এই সবগুলির ক্ষেত্রেই, আপনার দাবি সফল হলে, আপনি বা আপনার হয়ে যিনি টাকা দেবেন তিনি, আইন সংক্রান্ত কারণে যা টাকা খরচ করেছেন তা দাবি করে ফেরত পাবেন। তবে, আপনার দাবি সফল না হলে, আপনাকে হয়ত অপর পক্ষের খরচ দিতে হতে পারে এবং আপনি হয়ত আপনার নিজের সলিসিটারের জন্য যা খরচ করেছেন তা ফেরত পাবেন না।

কন্ডিশনাল ফী এগ্রিমেন্ট (শর্তসাপেক্ষ ফীর চুক্তি) অনুসারে টাকা দেওয়া (CFA)

সফল হওয়ার সম্ভাবনা থাকলে তবেই সলিসিটাররা সাধারণতঃ একটা দেওয়ানী দাবির টাকা পাওয়ার চেষ্টা করেন।

তবে, আপনি সফল না হলে আপনাকে রক্ষা করার উদ্দেশ্যে, অনেক সলিসিটারই একটা **কন্ডিশনাল ফী এগ্রিমেন্ট** করতে চান। এটাকে অনেক সময়ই **নো উইন নো ফী** বলা হয়। এর মানে হচ্ছে যে শুধুমাত্র আপনি জিতলে তবেই আপনার সলিসিটার আপনার হয়ে তার আইন সংক্রান্ত কাজের জন্য টাকা পাবেন। আপনাকে আগে থেকে কোন আইন সংক্রান্ত ফী দিতে হবে না এবং আপনার মামলা অসফল হলে আপনাকে কোন আইন সংক্রান্ত ফী দিতে হবে না।

তার বদলে, অপর পক্ষের খরচ ও ডিস্‌বার্স্‌মেন্টের খরচ মেটানোর থেকে আপনাকে রক্ষা করার উদ্দেশ্যে আপনাকে একটা বীমার প্রিমিয়াম দিতে হবে। তাছাড়াও, আপনার মামলা সফল হলে, অপর পক্ষের থেকে তার খরচ পাওয়ার পরেও আপনার সলিসিটার আপনার কাছ থেকে একটা **সাক্‌সেস ফী** (সাফল্যের ফী) দাবি করতে পারেন।

ইনসিওরেন্স (বীমার) প্রিমিয়াম

অপর পক্ষের খরচ দিতে হওয়ার থেকে আপনাকে যে ইন্‌সিওরেন্স পলিসি রক্ষা করবে তার খরচ সঙ্গত হওয়া উচিত। যেহেতু আপনি জিতলে তারা এটা অপর পক্ষের থেকে দাবি করতে পারবেন, সেইজন্য কোন কোন সলিসিটার হয়ত আপনার হয়ে এটা দিয়ে দিতে রাজী হতে পারেন। ইন্‌সিওরেন্সের কার্যক্রমগুলি সম্বন্ধে আপনার সলিসিটার আপনাকে বলতে পারবেন। দা ল সোসাইটি এবং মোটর এ্যাক্সিডেন্ট সলিসিটারস এই দু'টি সংস্থারই এই পলিসিগুলি আছে (9 এবং 31 নম্বর পৃষ্ঠা দেখবেন)। তার খরচ পাওয়ার পরেও আপনার কাছ থেকে একটা **সাক্‌সেস ফী** (সাফল্যের ফী) দাবি করতে পারেন।

সাফল্যের ফী

আপনি আপনার মামলায় জিতলে, অপর পক্ষ আপনার সলিসিটারকে সাফল্যের ফী দেবে। একটা ব্যতিক্রমের পরিস্থিতি না থাকলে, এটা আপনার ক্ষতিপূরণের থেকে কেটে নেওয়া উচিত নয়। এই ব্যতিক্রম আপনাকে বুঝিয়ে দেওয়া উচিত। আপনার দাবির কাজ শুরু করার সময়, আপনি লিখিতভাবে আপনার সলিসিটারের সাথে যা দিতে রাজী হয়েছেন তার ওপর এই সাফল্যের ফীর পরিমাণ নির্ভর করবে। আইন অনুযায়ী, এটা আপনার আইন সংক্রান্ত খরচের ওপর সেই খরচের সমান আর একটা পরিমাণ হতে পারে। বেশীরভাগ ক্ষেত্রেই, মামলা সফল হওয়ার সম্ভাবনার ওপর নির্ভর করে, সলিসিটাররা তাদের আইন সংক্রান্ত খরচের 10% থেকে 100%-এর মধ্যে তাদের সাফল্যের ফী নিতে রাজী হন।

কন্‌টিন্‌জেন্সী ফী

কোন কোন সময় ক্লেইমস এ্যাসেসর নামে একজন লোক অথবা একটা ক্লেইমস হ্যান্ডলিং (দাবির ব্যাপারে কাজ করার) কম্পানী হয়ত আপনার ক্ষতিপূরণের থেকে শতকরা একটা অংশের বিনিময়ে আপনার দাবিটা নিয়ে কাজ করতে চাইবে। এটা কোন কোন সময় এক তৃতীয়াংশের মত বেশী হতে পারে।

এই ধরনের খরচ দেওয়ার উপায়কে **কন্‌টিন্‌জেন্সী ফী** বলা হয় এবং এটাকে সুপারিশ করা হচ্ছে না। যদিও বিভ্রান্ত করে দেওয়ার মত এটাকে অনেক সময় 'নো উইন নো ফী' বলা হলেও, এটা কন্ডিশনাল ফীর (36 নম্বর পৃষ্ঠা দেখবেন) মত নয়।

ক্লেইমস এ্যাসেসর এবং কন্‌টিন্‌জেন্সী ফীকে এড়িয়ে চলা উচিত, কারণ কন্‌টিন্‌জেন্সী ফী আপনার ক্ষতিপূরণের পরিমাণের ওপর সম্পূর্ণভাবে নির্ভর করবে এবং এর পরিমাণে প্রচুর হেরফের হতে পারে। আপনাকে যদি অনেক টাকা দেওয়া হয়, তাহলে আপনার হয়ে যে ক্লেইমস এ্যাসেসর কাজ করছেন, তাকে হয়ত আপনার প্রচুর পরিমাণ টাকা দিতে হবে।

তাছাড়াও, ক্লেইমস এ্যাসেসরদের কোন আইন সংক্রান্ত যোগ্যতা থাকে না এবং তাদের নিয়ন্ত্রিত করা হয় না।

কন্‌টিন্‌জেন্সী ফীর ব্যাপারটিকে সুপারিশ করা হচ্ছে না।

চতুর্থ অংশ

পৃষ্ঠা **যোগাযোগ সংক্রান্ত দরকারী তথ্য**

পৃষ্ঠা	
37	**রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত প্রতিষ্ঠানগুলি**
39	**রাস্তাঘাটে ক্ষতিগ্রস্তদের জন্য দাতব্য প্রতিষ্ঠানগুলি (চ্যারিটিজ্)**
39	**অপরাধের ফলে ক্ষতিগ্রস্তদের সহায়তা করার প্রতিষ্ঠানগুলি**
39	**রাস্তাঘাট ব্যবহারকারীদের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানগুলি**
41	**রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত কর্মচারীরা**
43	**আপনার পার্লামেন্টের সদস্য (এম্‌পি)**

রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত প্রতিষ্ঠানগুলি

আপনি হয়ত রাস্তাঘাটের নিরাপত্তার বিষয়গুলি সম্বন্ধে প্রচার করতে চাইবেন। বিভিন্ন প্রতিষ্ঠান এই কাজটা করে থাকেন এবং আপনি তাদের একটিতে যোগদান করার কথা বিবেচনা করে দেখতে পারেন। **তাছাড়াও, রাস্তাঘাটের সঙ্ঘর্ষের প্রভাব যাদের ওপরে পড়েছে, এদের মধ্যে কোন কোনটি তাদের উপদেশ দিয়ে থাকেন এবং সহায়তা করেন**। আপনি চিঠি লিখে, ইমেইল করে, অথবা টেলিফোন করে, এই প্রতিষ্ঠানগুলি কি করে সে বিষয়ে আরও জানতে পারেন এবং সদস্য হওয়া সংক্রান্ত তথ্য আনাতে পারেন।

ব্রেক (Brake)

রোড সেইফ্‌টি উইক (রাস্তাঘাটের নিরাপত্তার সপ্তাহ) সমেত সামাজিক প্রচার, শিক্ষামূলক প্রকাশণা, এবং নীতি ও জনসাধারণের সাথে সম্পর্ক ভাল রাখার মাধ্যমে, রাস্তাঘাটে নিরাপদ থাকা সম্বন্ধে উৎসাহ দেয়। তাছাড়াও, রাস্তাঘাটের সঙ্ঘর্ষের প্রভাব যাদের ওপর পড়েছে তাদের এরা পরিষেবা দেয়। এর মধ্যে এই নির্দেশিকাটি এবং একটা হেল্পলাইন

(সাহায্যের লাইন) রয়েছে।
PO Box 548, Huddersfield HD1 2XZ
টেলিফোন: 01484 559909
ইমেইল: brake@brake.org.uk
www.brake.org.uk
তথ্য ও সহায়তার হেল্পলাইন: 01484 421611
অথবা helpline@brake.org.uk ঠিকানায় ইমেইল করবেন।
(ব্রেক-এর হেল্পলাইনটি একজনমাত্র কর্মচারী চালান এবং কোন কোন সময় তাকে বাইরে যেতে হয়। আপনি টেলিফোন করার সময় যদি তা হয়, তাহলে আপনি একটা উত্তর দেওয়ার মেশিন পাবেন। দয়া করে আপনার নাম ও নম্বরটা বলে দেবেন - যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি আপনাকে টেলিফোন করা হবে।)

রয়াল সোসাইটি ফর দা প্রিভেন্‌শন অফ্ এ্যাক্‌সিডেন্ট
(RoSPA - Royal Society for the Prevention of Accidents)

রয়াল সোসাইটি ফর দা প্রিভেন্‌শন অফ্ এ্যাক্‌সিডেন্টস-এর রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত বিভাগটি রাস্তাঘাটের সঙ্ঘর্ষ সম্বন্ধে সচেতনতা বাড়ায় এবং তা প্রতিরোধ করার ব্যবস্থা সম্বন্ধে উৎসাহ দেয়।
Edgebaston Park, 353 Bristol Road, Edgebaston, Birmingham B5 7ST
টেলিফোন: 0121 248 2000
ইমেইল: help@rospa.com
www.rospa.org

কিছু প্রতিষ্ঠান আছে যারা রাস্তাঘাটে মৃত্যু ঘটা এবং আঘাত পাওয়ার বিশেষ কিছু কারণের ব্যাপার নিয়ে কাজ করে:

বেল্ট আপ স্কুল কিড্‌স্ (Belt Up School Kids)

স্কুলের যানবাহনে ছাত্রছাত্রীদের নিরাপত্তার উন্নতি করার উদ্দেশ্যে কাজ করে। এরা, নিরাপত্তা সংক্রান্ত বিষয়, আইনকানুন এবং যানবাহন ভাড়া করা সম্বন্ধে বাবা মায়েদের সাহায্য ও উপদেশ দেয়। এরা একটি মৃত্যুশোকপ্রাপ্ত পরিবারের সাথে অন্য একটি মৃত্যুশোকপ্রাপ্ত পরিবারের যোগাযোগ করিয়ে দিতে পারে।
18 Windsor Road, Newport, Gwent NP19 8NS
টেলিফোন: 01633 274944
ইমেইল: buskuk@aol.com

দা ক্যাম্পেইন এগেইন্‌স্ট ড্রিংকিং এ্যান্ড ড্রাইভিং
(The Campaign Against Drinking and Driving)

যেসব লোকের জীবনের ওপর মদ্যপ গাড়িচালকদের প্রভাব পড়েছে, সেইসব মৃত্যুশোকপ্রাপ্ত ও আঘাতপ্রাপ্ত লোকদের সাহায্য করে। তাছাড়াও, মদ খেয়ে গাড়ি না চালানোর গুরুত্ব সম্বন্ধে সব গাড়ির চালকদের শিক্ষা দেয়।
PO Box 62, Brighouse HD6 3YY
টেলিফোন: 0845 123 5541
ইমেইল: cadd@scard.org.uk

লার্ন এ্যান্ড লিভ্ (Learn and Live)

অল্পবয়সী গাড়িচালকদের ও সহযাত্রীদের মৃত্যু ঘটা ও আঘাত পাওয়া প্রতিরোধ করার উদ্দেশ্যে কাজ করে। এরা বিনাপয়সায়, নিরাপদভাবে গাড়ি চালানো শেখা সম্বন্ধে তথ্য প্রকাশ করে এবং চালকদের প্রশিক্ষণ ও লাইসেন্স দেওয়ার ব্যবস্থার উন্নতির জন্য প্রচারের কাজ করে। যারা রাস্তাঘাটে একজন অল্পবয়সী গাড়িচালকের মৃত্যুর আঘাত পেয়েছেন, তাদের সাথে মৃত্যুশোকপ্রাপ্ত অন্য বাবা মা ও ভাইবোনরা যোগাযোগ করতে পারেন।

PO Box 7, Kingswinford, West Midlands DY6 9QZ
টেলিফোন: 01384 292571
ইমেইল: office@learnandlive.org.uk
www.learnandlive.org.uk

রাস্তাঘাটে ক্ষতিগ্রস্তদের জন্য দাতব্য প্রতিষ্ঠানগুলি (চ্যারিটিজ্)

রোডপীস (RoadPeace)

মৃত্যুশোক ও আঘাতপ্রাপ্ত রাস্তাঘাটে যানবাহন দ্বারা ক্ষতিগ্রস্ত লোকদের জন্য একটা দেশজোড়া দাতব্য প্রতিষ্ঠান, যারা তথ্য সরবরাহ করে এবং তাদের হেল্পলাইন, প্রকাশণা, স্থানীয় গোষ্ঠী এবং একই রকমের অভিজ্ঞতাসম্পন্ন লোকদের সাথে যোগাযোগের মাধ্যমে সহায়তা করে।

PO Box 2579, London NW10 3PW
হেল্পলাইন: 0845 450 0355 সপ্তাহে 7 দিন, সকাল 9টা - রাত 9টা পর্যন্ত খোলা
ইমেইল: info@roadpeace.org
www.roadpeace.org

সাপোর্ট এ্যান্ড কেয়ার আফ্টার রোড ডেথ্ এ্যান্ড ইন্জুরী (SCARD - Support & Care After Road Death & Injury)

যাদের জীবনের ওপর রাস্তাঘাটের মৃত্যু ও আঘাতের প্রভাব পড়েছে তাদের তথ্য ও প্রকাশণার মাধ্যমে সাহায্য করার জন্য একটা দেশজোড়া দাতব্য প্রতিষ্ঠান। দেশের কোন কোন এলাকায়, স্থানীয় গ্রুপ, কাউন্সেলিং এবং ব্যক্তিগত আঘাত সংক্রান্ত সলিসিটারের পরিষেবা পেতে, সাপোর্ট এ্যান্ড কেয়ার আফ্টার রোড ডেথ্ এ্যান্ড ইন্জুরী আপনাকে হয়ত সাহায্য করতে পারবে।

PO Box 62, Brighouse HD6 3YY
টেলিফোন: 0845 123 5543
হেল্পলাইন: 0845 123 5543 সপ্তাহে 7 দিন, সকাল 9টা - রাত 9টা পর্যন্ত খোলা
ইমেইল: info@scard.org.uk
www.scard.org.uk

অপরাধের ফলে ক্ষতিগ্রস্তদের জন্য দাতব্য প্রতিষ্ঠানগুলি

ভিক্টিম সাপোর্ট (Victim Support)

প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়ার সমেত স্থানীয় শাখার মাধ্যমে, অপরাধের ফলে ক্ষতিগ্রস্ত লোকদের সহায়তা করার জন্য একটা দেশজোড়া দাতব্য প্রতিষ্ঠান। ভিক্টিম সাপোর্ট-এর কিছু ভলান্টিয়ারের রাস্তাঘাটের সঙ্ঘর্ষে ক্ষতিগ্রস্ত লোকদের দেখাশোনা করার প্রশিক্ষণ রয়েছে এবং অন্যদের তা নেই। আপনাকে সাহায্য করার জন্য একজন প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়ার দিতে পারবে কিনা তা আপনি আপনার এলাকার ভিক্টিম সাপোর্ট-এর শাখাকে জিজ্ঞাসা করতে পারেন।

PO Box 1143, London SW9 6HZ
টেলিফোন: 020 7735 9166
ইমেইল: contact@victimsupport.org.uk
www.victimsupport.org.uk

রাস্তাঘাট ব্যবহারকারীদের প্রতিনিধিত্ব করার প্রতিষ্ঠানগুলি

একটা বিশেষ ধরণের রাস্তা ব্যবহারকারীদের প্রতিনিধিত্ব করে এরকম একটা প্রতিষ্ঠানের সাথে আপনি হয়ত যোগাযোগ করতে চাইতে পারেন।

সাইকেল সংক্রান্ত প্রতিষ্ঠান:

সাইক্লিস্টস্ ট্যুরিং ক্লাব (Cyclists' Touring Club)
Cotterell House, 69 Meadrow, Godalming, Surrey GU7 3HS
টেলিফোন: 0870 873 0060
ইমেইল: cycling@ctc.org.uk
www.ctc.org.uk

সাসট্র্যান্স (Sustrans)
(পদযাত্রী ও সাইকেল চালকদের জন্য পথ এবং 'স্কুলে যাওয়া নিরাপদ পথ' গড়ে তুলছে)
16A Randolph Crescent, Edinburgh EH3 7TT
টেলিফোন: 0131 539 8122
ইমেইল: scotland@sustrans.org
www.sustrans.org.uk

মোটরবাইক সংক্রান্ত প্রতিষ্ঠান:

ব্রিটিশ মোটরসাইক্লিস্টস ফেডারেশন (British Motorcyclists Federation)
Jack Wiley House, 25 Warren Parkway, Enderby, Leicester LE19 4SA
টেলিফোন: 0116 284 5380
ইমেইল: campaign@bmf.co.uk
www.bmf.co.uk

মোটরসাইকেল এ্যাক্শন গ্রুপ (Motorcycle Action Group)
(পদযাত্রী ও সাইকেল চালকদের জন্য পথ এবং 'স্কুলে যাওয়া নিরাপদ পথ' গড়ে তুলছে)
PO Box 750, Rugby CV21 3ZR
টেলিফোন: 0870 444 8448
ইমেইল: maghq@mag-uk.org

পদযাত্রীদের প্রতিষ্ঠান:

লিভিং স্ট্রীটস (Living Streets)
Third Floor, 31-33 Bondway, vauxhall, London SW8 1SJ
টেলিফোন: 020 7820 1010
ইমেইল: info@livingstreets.org.uk
www.livingstreets.org.uk

বাণিজ্যিক যানবাহন পরিচালকদের গ্রুপ:

ফ্রেইট ট্র্যান্সপোর্ট এ্যাসোসিয়েশন (Freight Transport Association)
Hermes House, St. John's Road, tunbridge Wells, Kent TN4 9UZ
টেলিফোন: 01892 526 171
ইমেইল: enquiries@fta.co.uk
www.fta.co.uk

রোড হলেজ এ্যাসোসিয়েশন (Road Haulage Association)
35 Monument Hill, Weybridge, Surrey KT13 8RN
টেলিফোন: 01932 841 515
ইমেইল: weybridge@rha.net
www.rha.net

গাড়িচালকদের গ্রুপ:

অটোমোবাইল এ্যাসোসিয়েশন (Automobile Association)
carr Ellison House, William Armstrong Drive, Newcastle-upon-Tyne NE4 7YA
টেলিফোন: 0870 600 0371
www.theaa.com

এন্ভায়রন্মেন্টাল ট্র্যান্সপোর্ট এ্যাসোসিয়েশন (Environmental Transport Association)
68 High Street, Weybridge, KT13 8RS
টেলিফোন: 01932 828 882
www.eta.co.uk

ইনস্টিটিউট অফ এ্যাড্ভান্সড মোটোরিস্টস (Institute of Advanced Motorists)
510 Chiswick High Road, Chiswick, London W4 4RG
টেলিফোন: 020 8996 9600
www.iam.org,uk

রয়াল অটোমোবাইল ক্লাব (Royal Automobile Club)
RAC House, 1 Forest Road, Feltham TW13 7RR
টেলিফোন: 020 8917 2500
www.rac.co.uk

রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত কর্মচারীরা

রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত সরকারী কর্মচারীদের সাথে যোগাযোগ করা যাবে।

দা হোম অফিস (The Home Office)
পুলিস ফোর্সগুলির অগ্রাধিকার ঠিক করে দেওয়া সমেত, আইন, শৃঙ্খলা ও শান্তি রক্ষার দায়িত্ব হচ্ছে হোম অফিসের। তাছাড়াও, যানবাহন ঘটিত অপরাধের জন্য চার্জগুলি ও শাস্তির পুনর্বিচার করা এবং ক্ষতিগ্রস্তদের অধিকারগুলিও হোম অফিসের দায়িত্ব। আপনি The Home Office, 2 Marsham Street, London SW1P 4DF ঠিকানায় হোম

সেক্রেটারীকে চিঠি লিখতে পারেন। টেলিফোন: 0870 000 1585
ইমেইল: public.enquiries@homeoffice.gsi.gov.uk www.homeoffice.gov.uk

দা এ্যাসোসিয়েশন অফ চীফ পুলিস অফিসারস্ (The Association of Chief Police Officers)
এ্যাসোসিয়েশন অফ চীফ পুলিস অফিসারস-এর ওপর যানবাহন, ড্রাগ (মাদক দ্রব্য) এবং মদ সংক্রান্ত আইন, শৃঙ্খলা ও শান্তি রক্ষার নীতি ঠিক করার কিছু দায়িত্ব রয়েছে। অন্যান্য নীতিগুলি প্রতিটি ফোর্সের জন্য তাদের চীফ কনস্টেবল ঠিক করেন। আপনি The President, Association of Chief Police Officers, 25 Victoria Street, London SW1H 0EX ঠিকানায় চিঠি লিখতে পারেন।
টেলিফোন: 020 7227 3434 www.acpo.police.uk

দা ডিপার্টমেন্ট ফর ট্র্যান্সপোর্ট (The Department for Transport)
গাড়ির গতির সীমারেখা থেকে শুরু করে রাস্তাঘাট নিরাপদ রাখার জন্য টেলিভিশনে ব্যাপক প্রচারের কাজ চালানো পর্যন্ত, রাস্তাঘাটের নিরাপত্তার বেশীরভাগ বিষয় সম্বন্ধেই রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত নীতি ঠিক করার দায়িত্ব হচ্ছে ডিপার্টমেন্ট ফর ট্র্যান্সপোর্টের। ডিপার্টমেন্ট ফর ট্র্যান্সপোর্ট, রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে অনুসন্ধান করার ভার দেয়। আপনি The Department for Transport, Great Minster house, 76 Marsham Street, London SW1P 4DR ঠিকানায়, রোড সেইফ্টি মিনিস্টারকে চিঠি লিখতে পারেন।
টেলিফোন: 020 7944 8300 www.dft.gov.uk

ভেহিকেল এ্যান্ড অপারেটার সার্ভিসেস্ এজেন্সী
(VOSA - Vehicle and Operator Services Agency)
ভেহিকেল এ্যান্ড অপারেটার সার্ভিসেস্ এজেন্সী হচ্ছে ডিপার্টমেন্ট ফর ট্র্যান্সপোর্টের একটি কার্যনির্বাহক সংস্থা। এদের ওপর যানবাহনের বাৎসরিক পরীক্ষার দায়িত্ব রয়েছে। তাছাড়াও, ট্রাক, বাস ও কোচগুলির রক্ষণাবেক্ষণের বাধ্যতামূলক মান সংক্রান্ত পরীক্ষা করা এবং চালকের কাজের সময় সংক্রান্ত নিয়মকানুন সমেত তাদের আইন মেনে চলতে বাধ্য করাও হচ্ছে এদের দায়িত্ব। আপনি VOSA, Berkeley House, Croydon Street, Bristol BS5 0DA ঠিকানায়, এর চীফ এক্সেকিউটিভকে চিঠি লিখতে পারেন।
টেলিফোন: 0870 6060440 ইমেইল: enquiries@vosa.gov.uk www.vosa.gov.uk

ট্র্যাফিক কমিশনাররা (Traffic Commissioners)
ট্র্যাফিক কমিশনাররা হচ্ছেন আঞ্চলিকভাবে নিয়োজিত কর্মচারী। ট্রাক, বাস এবং কোচ যে কম্পানীগুলি চালায়, তাদের লাইসেন্স দেওয়ার দায়িত্ব হচ্ছে এই ট্র্যাফিক কমিশনারদের। ট্র্যাফিক কমিশনারদের, এরকম একটি পরিচালককে লাইসেন্স দেওয়া এবং ফেরত নিয়ে নেওয়ার ক্ষমতা আছে। আপনার স্থানীয় ট্র্যাফিক কমিশনারের বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য www.tan.gov.uk ঠিকানায় লগ অন করবেন অথবা 020 7944 8300 নম্বরে টেলিফোন করবেন।

ড্রাইভার এ্যান্ড ভেহিকেল লাইসেন্সিং এজেন্সী (Driver and Vehicle Licensing Agency)
ড্রাইভার এ্যান্ড ভেহিকেল লাইসেন্সিং এজেন্সী হচ্ছে ডিপার্টমেন্ট ফর ট্র্যান্সপোর্টের একটা সংস্থা। গাড়িচালক ও গাড়ির তালিকা রাখার মাধ্যমে এরা রাস্তাঘাটের নিরাপত্তা বজায় রাখতে ও সাধারণ আইন মেনে চলতে উৎসাহ দেয় এবং গাড়ির ট্যাক্স (ভেহিকেল এক্সাইজ্ ডিউটি) সংগ্রহ করে। আপনার যদি সন্দেহ হয় যে সঙ্ঘর্ষের সাথে জড়িত গাড়িচালকে লাইসেন্স নেই অথবা তিনি একটা চুরি করা গাড়ি চালাচ্ছিলেন, তাহলে আপনি DVLA, Swansea SA6 7JL ঠিকানায় চিঠি লিখতে পারেন।
টেলিফোন: 0870 240 0009 www.dvla.gov.uk

ড্রাইভিং স্ট্যান্ডার্ডস এজেন্সী (Driving Standards Agency)
ড্রাইভিং স্ট্যান্ডার্ডস এজেন্সীর ওপর ড্রাইভিং টেস্টগুলি পরিচালনা করার দায়িত্ব রয়েছে। তাছাড়াও, তারা নিরাপদে গাড়ি চালাতে উৎসাহ দেয় এবং হাইওয়ে কোডটি প্রকাশ করে। আপনি DVLA, Stanley House, 56 Talbot Street,

Nottingham NG1 5GU ঠিকানায়, চিঠি লিখতে পারেন।
টেলিফোন: 0115 901 2500
ইমেইল: customer.service@dsa.gsi.gov.uk www.dsa.gov.uk

হাইওয়েজ্ এজেন্সী (Highways Agency)

হাইওজে্ এজেন্সী হচ্ছে একটি সরকারী সংস্থা, যাদের ওপর সব মোটরওয়ে ও বড় বড় প্রধান রাস্তাগুলি (ট্রাঙ্ক রোড) সারানোর দায়িত্ব রয়েছে। যে জায়গায় সঙ্ঘর্ষটি ঘটেছে, সেইখানে রাস্তার কোন বাধা বা রাস্তার অবস্থা সম্বন্ধে আপনি হয়ত এদের সাথে যোগাযোগ করতে চাইতে পারেন। তাছাড়াও, তারা নিরাপদে গাড়ি চালাাতে উৎসাহ দেয় এবং হাইওয়ে কোডটি প্রকাশ করে। আপনি Highways Agency, 5th Floor, 123 Buckingham Palace Road, London SW1W 9HA ঠিকানায়, চীফ এক্সেকিউটিভকে চিঠি লিখতে পারেন।
টেলিফোন: 08457 50 40 30
ইমেইল: ha_info@highways.gsi.gov.uk www.highways.gov.uk

লোকাল অথরিটী

যেসব রাস্তা মোটরওয়ে বা বড় প্রধান রাস্তা (ট্রাঙ্ক রোড) নয়, সেগুলি সারানোর দায়িত্ব হচ্ছে লোকাল অথরিটীদের। তাদের ওপর এগুলির নকশা, মেরামত, দাগ দেওয়া এবং স্পীড লিমিটের (গতিবেগের সীমা ঠিক করার) দায়িত্ব রয়েছে। তাছাড়াও তারা রোড সেইফটি অফিসার নিয়োগ করেন, যারা বাচ্চাদের পথে চলা ও সাইকেল চালানোর প্রশিক্ষণ দেয়, স্কুলের জন্য রাস্তা পার হওয়ার কর্মীদের (স্কুল ক্রসিং প্যাট্রল) পরিচালনা করে এবং রাস্তাঘাটের নিরাপত্তার ওপর স্থানীয় প্রচারকার্য চালায়। তাদের সাথে যোগাযোগ করার তথ্য আপনি আপনার স্থানীয় টেলিফোনের বইতে পাবেন।

সেইফ্টি ক্যামেরা পার্টনারশিপগুলি (Safety Camera Partnerships)

যদিও কিছু ক্যামেরা পুলিসের পরিচালনায় রয়েছে, সেইফ্টি ক্যামেরা পার্টনারশিপগুলি, বেশীরভাগ স্পীড ক্যামেরার পরিচালনা করে। সেইফ্টি ক্যামেরা পার্টনারশিপগুলি হচ্ছে স্থানীয় প্রতিষ্ঠান, যাদের সদস্যদের মধ্যে লোকাল অথরিটী, পুলিস এবং হেল্থ অথরিটীর প্রতিনিধি রয়েছে। আপনার এলাকায় কোন সেইফ্টি ক্যামেরা পার্টনারশিপ রয়েছে কিনা তা জানার জন্য www.nationalsafetycameras.co.uk ঠিকানায় দেখবেন।

আপনার পার্লামেন্টের সদস্য (এম্পি)

আপনার এম্পির কাজ হচ্ছে পার্লামেন্টে আপনার স্বার্থের প্রতিনিধিত্ব করা। আপনি যদি মনে করেন যে আপনার বিষয়টির কোন ব্যাপারে তিনি ব্যবস্থা নিতে পারেন, তাহলে আপনি হয়ত তাকে চিঠি লিখতে চাইবেন বা তার সাথে দেখা করে আপনার বিষয়টি সম্বন্ধে আলোচনা করতে চাইতে পারেন।

আপনি House of Commons, London SW1A 0AA ঠিকানায়, আপনার এম্পিকে চিঠি লিখতে পারেন। আপনার এম্পির নাম জানার জন্য www.locata.co.uk/commons ঠিকানায় দেখবেন।

কৃতজ্ঞতা স্বীকার

বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে খোলাখুলিভাবে পরামর্শ করার পরে, *ইংল্যান্ড ও ওয়েল্স-এর রাস্তাঘাটে একটা মৃত্যু ঘটার পরের পদ্ধতিগুলি* সংক্রান্ত পুস্তিকাটি **ব্রেককেয়ার** (এটি হচ্ছে ব্রেক নামের দাতব্য প্রতিষ্ঠানটির একটি বিভাগ) লিখেছে: এ্যাসোসিয়েটেড ফিউনারাল ডিরেক্টরস, এ্যাসোসিয়েশন অফ চীফ পুলিস অফিসারস, এ্যাসোসিয়েশন অফ পার্সোনাল ইনজুরী লইয়ারস, ব্রিটিশ অর্গান ডোনার সোসাইটি, বেল্ট আপ স্কুল কিড্স, দা ব্রিটিশ এ্যাসোসিয়েশন অফ কাউন্সেলারস এ্যান্ড সাইকোথেরাপিস্টস, ক্যাম্পেইন এগেইনস্ট ড্রিংকিং এ্যান্ড ড্রাইভিং, সেনটেক্স, করোনারস সোসাইটি অফ ইংল্যান্ড এ্যান্ড ওয়েল্স, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস (পলিসি ইউনিট), ক্রুজ্, ডিপার্টমেন্ট অফ হেল্থ, ডিপার্টমেন্ট

পর ওয়ার্ক এ্যান্ড পেন্‌শনস, ডাইরেক্ট মার্কেটিং এ্যাসোসিয়েশন, ডিজাস্টার আফ্‌টারকেয়ার সার্ভিসেস, ফিউনারাল স্ট্যান্ডার্ডস কাউন্সিল, দা হোম অফিস, ইন্‌কোয়েস্ট, আইরউইন মিচেল সলিসিটারস, লার্ন এ্যান্ড লিভ, দা ম্যাজিস্ট্রেটস এ্যাসোসিয়েশন, মোটর এ্যাক্‌সিডেন্ট সলিসিটারস সোসাইটি, ন্যাশনাল এ্যাক্‌সিডেন্ট হেল্পলাইন, ন্যাশনাল এ্যাসোসিয়েশন অফ ফিউনারাল ডিরেক্টরস, ন্যাশনাল পুলিস ট্রেইনিং কলেজ, রোড পীস, রোড ভিক্টিমস ট্রাস্য, রোশম্যান ল্যান্ডাউ সলিসিটারস, সোসাইটি অফ ট্রাস্ট এস্টেট প্র্যাক্‌টিশনারস, সাউথ ইয়র্কশায়ার পুলিস, দা কমপ্যাশনেট ফ্রেন্ডস, দা সাডেন ডেথ সাপোর্ট এ্যাসোসিয়েশন, ইউকে ট্র্যান্সপ্ল্যান্ট, ভিক্টিম সাপোর্ট।

ক্রমাগতঃ উন্নতি করে যেতে **ব্রেককেয়ার** বদ্ধপরিকর। প্রতিবছর এই বইটির এ্যাসেস্‌মেন্ট ও পুনর্বিচার করা হয়। এতে যা বলা হয়েছে, সে বিষয়ে যে কোন মন্তব্যকেই স্বাগত জানানো হয় এবং BrakeCare, PO Box 548, Huddersfield HD1 2XZ ঠিকানায় তা লিখে পাঠাতে হবে অথবা brakecare@brake.org.uk ঠিকানায় ইমেইল করতে হবে।

© Brake 1998, পঞ্চম সংস্করণ 2005
লেখিকা: মেরী উইলিয়ামস OBE
পেচ্‌ প্রিন্টারস লিমিটেড ম্যান্‌চেস্টার (Petch Printers, Manchester) কতৃক ডিজাইন করা ও প্রকাশিত।

হোম অফিসের এই নির্দেশিকাটির সব খরচ দিয়েছে।

হোম অফিসের সাথে যৌথভাবে এবং ডিপার্টমেন্ট অফ্‌ হেল্‌থ এবং এ্যাসোসিয়েশন অফ্‌ চীফ্‌ পুলিস অফিসারস্‌-এর সহায়তায়
এই তথ্যের পত্রিকাটি ব্রেককেয়ার কতৃক প্রকাশিত

ব্রেককেয়ার (Brakecare), PO Box 548, Huddersfield HD1 2XZ
টেলিফোন: 01484 559909
ফ্যাক্স: 01484 559983
ইমেইল: brakecare@brake.org.uk

ব্রেককেয়ার হচ্ছে রাস্তাঘাটের নিরাপত্তা সংক্রান্ত দাতব্য প্রতিষ্ঠান ব্রেক-এর একটি বিভাগ।
কম্পানী হিসাবে লিমিটেড বাই গ্যারান্টী
ইউনাইটেড কিংডম-এ রেজিস্টার করার নং 3260243
রেজিস্টার্ড চ্যারিটি নং 1093244

© Brake 2005

এই তথ্যের পত্রিকাটি www.brake.org.uk ঠিকানার ওয়েবসাইটে পাওয়া যায়।
কোন অংশের মৌখিক ব্যাখ্যার জন্য **01484 421 611** নম্বরে ব্রেককেয়ার-এর **তথ্য ও সহায়তার লাইনে** টেলিফোন করবেন।